দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ০২ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৪ শাবান ১৪৪৭ ॥ ১৯ মাঘ ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৬২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

হে আমাদের পালনকর্তা! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্যলংঘনে প্রবৃত্ত করোনা এবং তোমার নিকট থেকে আমাদিগকে অনুগ্রহ দান কর। তুমিই সব কিছুর দাতা

সূরা আল ইমরান- ৮

অভ্যন্তরীণ ইস্যুতে বিদেশিদের মন্তব্য করা ট্র্যাডিশন হয়ে গেছে

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের অভ্যন্তরীণ ইস্যুতে প্রায়ই বিদেশি কূটনীতিকদের মন্তব্য করার বিষয়টি ট্র্যাডিশন হয়ে গেছে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

বিশেষ কিছু এলাকায় অনেক নতুন ভোটার এটা অস্বাভাবিক

কীর্তনখোলা ডেস্ক

ভোটার স্থানান্তরের তথ্য নিয়ে প্রশ্ন তুলে বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেছেন, গত এক থেকে দেড় ২ এর পাতায় দেখুন



যতদিন মানুষের অধিকার নিশ্চিত না হবে, ততদিন চব্বিশ চলবে

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, যতদিন পর্যন্ত ১৮ কোটি মানুষের অধিকার নিশ্চিত ২ এর পাতায় দেখুন

একটি দল জাতীয়তাবাদের কথা বলে বিদেশি নাগরিকদের প্রার্থী করেছে

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, একটি দল জাতীয়তাবাদের কথা ২ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে মাকে কুপিয়ে হত্যা করলো ছেলে

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি সদর উপজেলায় মানসিক রোগী ছেলের হাতে মায়ের মর্মান্তিক হত্যার ঘটনা ঘটেছে। রবিবার (১ ফেব্রুয়ারি) দুপুর আনুমানিক দেড়টার দিকে সদর উপজেলার বৈদারাপর মোল্লা বাড়ি এলাকায় এ ঘটনা ঘটে। নিহত নারীর নাম শেফালী বেগম (৬২)। অভিযুক্ত ছেলে সাগর (৩২), পিতা আহম্মদ খান। তিনি তিন ভাইবোনের মধ্যে সাগর সবার ছোট। প্রতিবেশী নান্নু খান দুপুর ১টা ৩০ মিনিটের দিকে বিষয়টি জানতে পেরে ঝালকাঠি সদর থানা পুলিশকে খবর দেন। স্থানীয়দের ভাষ্যমতে, সাগর মানসিক রোগে আক্রান্ত ছিলেন এবং আগে থেকেই অস্বাভাবিক আচরণ করতেন। পাশের ঘরের বাসিন্দা আবদুল খালেক খান জানান, সাগর প্রায়ই মাকে মারধর করতেন। অপর প্রতিবেশী সাহিদা আক্তার বলেন, ঘটনার সময় মানসিক রোগী সাগর হাতে দা নিয়ে মাকে কুপিয়ে আঘাত করে। শেফালী বেগম চিৎকার করলে আশপাশের লোকজন ছুটে এসে তাকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন। খবর পেয়ে ঝালকাঠি সদর থানার ওসি (তদন্ত) মো. বেলায়েত হোসেন ঘটনাস্থলে উপস্থিত হন। তিনি জানান, নিহতের মরদেহ প্রাথমিকভাবে সুরতহাল শেষে ময়নাতদন্তের জন্য পাঠানো হবে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

নির্বাচনে দায়িত্ব পালনে নিরপেক্ষ থাকার নির্দেশ দিলেন সেনাপ্রধান

কীর্তনখোলা ডেস্ক

নির্বাচনী দায়িত্ব পালনকালে পেশাদারিত্ব, নিরপেক্ষতা, শৃঙ্খলা ও ধৈর্য বজায় রাখতে সেনা সদস্যদের আহ্বান জানিয়েছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। একই দিনে তিনি ময়মনসিংহের ত্রিশালে দেশের ক্রীড়াঙ্গনের মাইলফলক প্রকল্প 'অলিম্পিক ভিলেজ'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। রবিবার (১ ফেব্রুয়ারি) ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভায় সেনাপ্রধান এসব কথা বলেন। ২ এর পাতায় দেখুন

জনগণ ভারত-আমেরিকার ইনসাফ দেখতে চায় না : চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক

জামায়াতে ইসলামীর সমালোচনা করে ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম অভিযোগ করে বলেছেন, জামায়াত আমেরিকার সঙ্গে গোপন বৈঠক করে তাদের ইনসাফ বাস্তবায়ন করতে চায়। আমরা আমেরিকার ইনসাফ দেখেছি, ভারতের ইনসাফ দেখেছি, বাংলার মানুষ আর ওইসব ইনসাফ দেখতে চায় না। রোববার (১ ফেব্রুয়ারি) দুপুরে লক্ষ্মীপুরের কমলনগর উপজেলায় হাজিরহাট ২ এর পাতায় দেখুন

আজ এলপিজির নতুন দাম ঘোষণা

কীর্তনখোলা ডেস্ক

ফেব্রুয়ারি মাসে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম বাড়ছে নাকি কমছে তা জানা যাবে আজ সোমবার (২ ফেব্রুয়ারি)। এদিন এক মাসের জন্য এলপিজির নতুন দাম ঘোষণা করা হবে। রোববার (১ ফেব্রুয়ারি) বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সৌদি আরামকো ঘোষিত ফেব্রুয়ারি (২০২৬) মাসের সৌদি সিপি অনুযায়ী এই মাসের জন্য ভোক্তা পর্যায়ে বেসরকারি এলপিজির মূল্য সমন্বয় সম্পর্কে ২ এর পাতায় দেখুন

বরিশালে ইসি সানাউল্লাহ

বড়ো বা ছোটো দল আইনের চোখে সবাই সমান

কীর্তনখোলা রিপোর্ট

সততা ও নিরপেক্ষতার প্রশ্নে নির্বাচন কমিশন কোনো ধরনের ছাড় দেবে না বলে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন নির্বাচন কমিশনার (ইসি) ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। তিনি বলেন, বড় বা ছোট দল-এমন কোনো ভেদাভেদ নেই, আইনের চোখে সবাই সমান। কমিশনের নির্দেশনা অমান্য করে কোনো কর্মকর্তা পক্ষপাতমূলক আচরণ করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। রোববার (০১ ফেব্রুয়ারি) সকালে বরিশাল সার্কিট হাউসে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সেল ২ এর পাতায় দেখুন

হাজারীবাগ থেকে তেজগাঁও কলেজ শিক্ষার্থীর ঝুলন্ত লাশ উদ্ধার

বরগুনা প্রতিনিধি

রাজধানীর হাজারীবাগ থানা এলাকা থেকে দ্বীন ইসলাম ইমন (২১) নামে এক শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তিনি তেজগাঁও কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন। রোববার (১ ফেব্রুয়ারি) সকালের ২ এর পাতায় দেখুন

বছরে ৫ লাখ ৭০ হাজার ২৬৩ জন মানুষ অসংক্রামক রোগে প্রাণ হারায়

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশে উচ্চ রক্তচাপসহ বিভিন্ন অসংক্রামক রোগ উদ্বেগজনক হারে বাড়ছে। প্রক্রিয়াজাত খাদ্যে নির্ভরতা, অতিরিক্ত লবণ, চিনি ও চর্বিযুক্ত খাবার অসংক্রামক রোগের ঝুঁকি বাড়ায়। এ বিষয়ে ভোক্তা পর্যায়ে সচেতনতা জরুরি। জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২৬ উপলক্ষে রবিবার (১ ফেব্রুয়ারি) এক ওয়েবিনারে বক্তারা এসব কথা বলেন। গ্লোবাল হেলথ অ্যাডভোকেসি ইনকিউবেটেরের (জিএইচএআই) সহযোগিতা এবং গবেষণা ও অ্যাডভোকেসি প্রতিষ্ঠান প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান) 'অসংক্রামক রোগ মোকাবেলায় নিরাপদ খাদ্য এবং আমাদের করণীয়' শীর্ষক এ ওয়েবিনারের আয়োজন করে। এবারের দিবস প্রতিপাদ্য ছিল 'নিরাপদ খাদ্য নিশ্চিত করি, সুস্থ সবল জীবন গড়ি'। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য মতে, দেশে প্রতিবছর প্রায় ৫ লাখ ৭০ হাজার ২ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে জামায়াত আমিরের সমাবেশস্থলের মাঠ পরিদর্শন করছেন কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযয্‌ম হোসাইন হেলাল, মহানগর আমির অধ্যক্ষ জহির উদ্দিন মু. বাবর, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও বরিশাল জেলা আমির এবং জামায়াত মনোনীত বরিশাল-৪ আসনের সংসদ সদস্য প্রার্থী অধ্যাপক আবদুল জব্বার -কীর্তনখোলা

নগরীর ১৫, ১৮ ও ১৯ নং ওয়ার্ড বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের উদ্যোগে ধানের শীষের নির্বাচনী উঠোন বৈঠকে উপস্থিত অ্যাড. মজিবর রহমান সরোয়ার -কীর্তনখোলা

নুর-মামুনের সমর্থকদের সংঘর্ষ আহত অন্তত ১৫

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী-৩ (গলাচিপা-দশমিনা) আসনের সংসদ সদস্য প্রার্থী নুরুল হক নুর ও স্বতন্ত্র প্রার্থী হাসান মামুনের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনায় অন্তত ১৫ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে তিনজনকে গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। শনিবার (৩১ জানুয়ারি) দিবাগত রাত ১১টার দিকে গলাচিপা উপজেলার ডাকুয়া ইউনিয়নের চত্রা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এ সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, চত্রা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে নুরুল হক নুরের ট্রাক প্রতীকের সমর্থকদের একটি মিছিল এবং স্বতন্ত্র প্রার্থী হাসান মামুনের ঘোড়া প্রতীকের সমর্থকদের আরেকটি মিছিল মুখোমুখি হয়। মিছিল দুটি অতিক্রম করার সময় উভয় ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপন্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সম্মান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

মেহেন্দিগঞ্জে জামায়াত আমিরের সমাবেশস্থলের মাঠ পরিদর্শনে নেতৃবৃন্দ

নূরে রাব্বি নাইম, মেহেন্দিগঞ্জ

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের বরিশাল সফর উপলক্ষে মেহেন্দিগঞ্জ উপজেলার সরকারী পাতারহাট আর.সি কলেজ মাঠ পরিদর্শন করেছেন জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযয্‌ম হোসাইন হেলালের নেতৃত্বে জেলা ও মহানগর নেতৃবৃন্দ। ১ ফেব্রুয়ারী রবিবার সকালে সমাবেশের নির্ধারিত মাঠ পরিদর্শন করেন তারা। এসম উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগর আমির অধ্যক্ষ জহির উদ্দিন মু. বাবর, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও বরিশাল জেলা আমির এবং জামায়াত মনোনীত বরিশাল-৪ আসনের সংসদ সদস্য প্রার্থী অধ্যাপক আবদুল জব্বার, ইসলামী ছাত্রশিবির বরিশাল মহানগর ২ এর পাতায় দেখুন

সুষ্ঠু নির্বাচন সম্পাদনের লক্ষ্যে কোস্ট গার্ড প্রস্তুত

ভোলা প্রতিনিধি

উপকূলীয় ও নদী তীরবর্তী অঞ্চলের নিরাপত্তা নিশ্চিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। কোস্ট গার্ড দক্ষিণ জোন। আগামী ১২ ফেব্রুয়ারি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পাদনের লক্ষ্যে বাংলাদেশ কোস্ট গার্ড বদ্ধপরিকর। বাংলাদেশ কোস্ট গার্ড জাতির নিকট প্রতিশ্রুতিবদ্ধ। রবিবার (১ ফেব্রুয়ারি) ভোলার দৌলতখান আবি আবদুল্লাহ কলেজে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, কোস্ট গার্ড দক্ষিণ জোনের জেনাল কমান্ডার ক্যাপ্টেন মোহাম্মদ আরিফ হোসেন। তিনি জানান, প্রতিষ্ঠালগ্ন থেকে বাংলাদেশ কোস্ট গার্ড দেশের সুবিশাল সমুদ্র, উপকূলীয় ও নদী তীরবর্তী অঞ্চলের নিরাপত্তা নিশ্চিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। পাশাপাশি জনগণের ২ এর পাতায় দেখুন

পুকুরে ডুবে ৬ বছরের শিশুর মৃত্যু

তালতলী প্রতিনিধি

বরগুনার তালতলীতে পুকুরে ডুবে আবদুল্লাহ নামে ছয় বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। রবিবার (১ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার মরানিদ্রা এলাকায় এ ঘটনা ঘটে। মৃত আবদুল্লাহ ওই এলাকার মনিরের ছেলে ও স্থানীয় একটি প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণির শিক্ষার্থী। শিশুর পরিবার জানায়, রবিবার ২ এর পাতায় দেখুন

বেহেশতের লোভ দেখিয়ে একটি দল ক্ষমতায় যেতে চায়: মেজর হাফিজ

লালমোহন প্রতিনিধি

ভোলা-৩ আসনের সংসদ সদস্য প্রার্থী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ (বীর বিক্রম) বলেছেন, আগামী নির্বাচনে একটি দল সাধারণ মানুষদের বেহেশতের লোভ দেখিয়ে ক্ষমতায় যাওয়ার চেষ্টা করছে। তারা নিজেদের ইসলামী দল দাবি করছে। নামের শেষে ইসলাম দেখে মনে করার কারণ নেই সেটি ইসলামী দল এবং তারা ইসলামের লোক। জামায়ামে ইসলামী দলটি নারীদের চেয়ার টেবিলের মতো ব্যবহার করে। তাদের দলের প্রধান কখনো নারী হতে পারবে না। তারা কোন নির্বাচনে নারীদের নমিনেশন দেয়না। তিনি উপস্থিত সকল নারীদের ধানের শীষে ভোট দেয়ার আহবান জানিয়ে বলেন, জিয়াউর রহমানের পর খালেদা জিয়া বিএনপির সভানেত্রী ছিলেন। নারী শিক্ষায় বেগম খালেদা জিয়া গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তিনি নারী ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

ভীতিকর পরিবেশ কাম্য নয়

জাতীয় সংসদ নির্বাচনের প্রচারণা চলবে ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৭টা পর্যন্ত। বাকি আর মাত্র ৯ দিন। সাধারণত এই সময়ে দেশব্যাপী একটি উৎসবমুখর পরিবেশ তৈরি হয়। এবার সেই পরিবেশের কিছুটা ঘাটতি দেখা যাচ্ছে। মানুষের মাঝে এক ধরনের ভয় ও আতঙ্ক কাজ করছে। আর তার অন্যতম কারণ হচ্ছে অবনতিশীল আইন-শৃঙ্খলা পরিস্থিতি। যেমন বাড়ছে খুন-সন্ত্রাসসহ সাধারণ অপরাধ, তেমনি বাড়ছে রাজনৈতিক সহিংসতা, মব সন্ত্রাস ও হত্যাকাণ্ড। প্রকাশিত একাধিক প্রতিবেদনে এমন চিত্রই উঠে এসেছে। প্রতিবেদন অনুযায়ী, গত বছরের জানুয়ারি থেকে চলতি বছরের জানুয়ারি পর্যন্ত ১৩ মাসে সারা দেশে শুধু রাজনৈতিক সহিংসতায় ১৪৬ জন নিহত হয়েছেন। প্রার্থী, সম্ভাব্য প্রার্থী, দলীয় কর্মী-সমর্থক অনেকেই আক্রান্ত হয়েছেন। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, গত ১২ ডিসেম্বর থেকে চলতি বছরের ২৬ জানুয়ারি পর্যন্ত ৪৫ দিনে সারা দেশে ১৪৪টি নির্বাচনী সহিংসতার ঘটনা ঘটে। এর মধ্যে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে ৫৫টি সংঘর্ষের ঘটনা ঘটে। ভীতি প্রদর্শন ও আক্রমণাত্মক আচরণের ঘটনা ঘটেছে ১১টি, প্রার্থীর ওপর আক্রমণের ঘটনা ছয়টি এবং অবৈধ অস্ত্রের ব্যবহার দুটি। এর বাইরে প্রচারকাজে বাধা প্রদানের ঘটনা ১৭টি, নির্বাচনসংশ্লিষ্ট অফিস ও প্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা আটটি, অবরোধ-বিক্ষোভের মতো ঘটনা ১০টি, সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনা একটি এবং অন্যান্য ঘটনা ২৪টি। সর্বশেষ গত শুক্রবারও নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ায় দুটি রাজনৈতিক দলের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে আহত হন অন্তত ১০ জন। পুলিশ ও মানবাধিকার সংস্থার তথ্য বলছে, দেশের বিভিন্ন এলাকায় ১ থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত ৬৫টি রাজনৈতিক সহিংসতার ঘটনায় ১০ জন নিহত এবং ৫৫৫ জন আহত হয়েছেন। অপরাধ বিশ্লেষকরা বলছেন, সাংঘর্ষিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীগুলোকে আরো দায়িত্বশীল হতে হবে। ভোটের মাঠে বিদ্যমান আতঙ্ক দূর করতে হবে। এদিকে রাজনৈতিক সহিংসতার পাশাপাশি অন্যান্য অপরাধ কর্মকাণ্ডও দ্রুত বাড়ছে। প্রতিনিয়ত খুনাখুনি বা লাশ উদ্ধারের ঘটনা ঘটছে। পুলিশ, মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) ও আসক এবং হাসপাতাল সূত্রে জানা যায়, চলতি বছরের ১ থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত সারা দেশে প্রতিদিনই একাধিক ব্যক্তি খুন হয়েছেন। গতকালের কালের কণ্ঠ অনুযায়ী, গত বৃহস্পতিবার রাতে নরসিংদীর বেলাব উপজেলায় এক সাবেক ছাত্রলীগ নেতার বস্তাবন্দি মৃতদেহ উদ্ধার করা হয়। রাজশাহীতে স্ত্রীর লাশসহ এক সাংবাদিককে আহত অবস্থায় উদ্ধার করা হয়। আরো দুই জেলায় দুই হত্যাকাণ্ড ঘটে ও দুই লাশ উদ্ধার করা হয়। জানা গেছে, আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর প্রায় ৯ লাখ সদস্য এবার নির্বাচনী নিরাপত্তা নিশ্চিত করতে দায়িত্ব পালন করবেন। ভোটের চার দিন আগে থেকে এই বিশাল বাহিনী মাঠে নামবে। তবে এর আগেই সারা দেশে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর বিশেষ অভিযান চলছে। কিন্তু তার পরও দেশে রাজনৈতিক সহিংসতার ঘটনা বেড়েই চলেছে, যা নিয়ে প্রবল আশঙ্কা প্রকাশ করছেন নির্বাচনসংশ্লিষ্ট ব্যক্তিরা। এরই মধ্যে যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ সহিংসতার আশঙ্কায় বাংলাদেশে অবস্থানরত তাদের নাগরিকদের জন্য সতর্কতা জারি করেছে। আমরা আশা করি, আসন্ন নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার লক্ষ্যে প্রশাসন আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করবে। ভীতিকর পরিবেশ কোনোভাবেই কাম্য নয়।

নির্বাচনে দায়িত্ব পালনে নিরপেক্ষ

ময়মনসিংহ সফরের শুরুতেই তিনি এ মতবিনিময় সভায় বক্তব্য রাখেন। সভায় আসন্ন জাতীয় সংসদ নির্বাচন শান্তিপূর্ণ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। এতে ময়মনসিংহ বিভাগের ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও অসামরিক প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সেনাপ্রধান সভায় সেনা সদস্যদের বলেন, নির্বাচনী দায়িত্ব পালনকালে পেশাদারিত্ব, নিরপেক্ষতা, শৃঙ্খলা এবং ধৈর্য বজায় রাখতে হবে। সাধারণ মানুষের আস্থা অর্জনে প্রতিটি সদস্যকে নাগরিকবান্ধব আচরণ প্রদর্শন করতে হবে। তিনি 'ইন এইড টু দ্য সিভিল পাওয়ার'-এর আওতায় মোতায়েনকৃত সেনাসদস্যদের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন ও প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন।

একটি দল জাতীয়তাবাদের কথা

বলে অথচ নির্বাচনি মাঠে বিদেশি নাগরিকদের প্রার্থী করছে। শীতকালে চীন, রাশিয়া ও সাইবেরিয়া থেকে বাংলাদেশে যেমন অতিথি পাখি আসে, একইভাবে এদেশে কিছু বিদেশি নাগরিক অতিথি পাখির মতো বাংলাদেশে এসে নির্বাচন করে। নির্বাচন শেষ হয়ে গেলেই আবার বিদেশে তারা উড়াল দিবে। রোববার (১ ফেব্রুয়ারি) সিরাজগঞ্জের শাহজাদপুর পৌরসভার বিসিক বাসস্ট্যান্ডে সিরাজগঞ্জ-৬ (শাহজাদপুর) আসনে ১১ দলীয় নির্বাচনি ঐক্যের পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আসন্ন নির্বাচন গণভোটে 'হ্যাঁ' এবং শাপলা কলি প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানান। আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, চব্বিশের গণঅভ্যুত্থান হয়েছে সুশাসন, দুর্নীতি ও চাঁদাবাজমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে। এজন্যই জাতীয় পর্যায়ে ১১ দলীয় জোট গঠন করা হয়েছে। শাহজাদপুরের ঐতিহ্য তুলে ধরে সজীব ভূঁইয়া বলেন, এটি বাংলাদেশের একটি ঐতিহাসিক অঞ্চল। এ অঞ্চলের তাঁতশিল্প ব্রিটিশ ভারত আমলেও খ্যাতি অর্জন করেছে। কিন্তু বুর্জোয়া শাসনের ফলে এ অঞ্চলের মানুষ সুফল পায়নি? মধ্যস্বত্বভোগীরা পরিশ্রমের ফসল নিয়ে গেছে? আমরা এনসিপির পক্ষ থেকে ওয়াদা করছি, আমরা নতুন বাংলাদেশে যার পরিশ্রম করবে তাকেই মূল্য পাওয়ার ব্যবস্থা করবো। তিনি ভোটারদের উদ্দেশ্য করে বলেন, এ আসনে আমাদের প্রার্থী এস এম সাইফ মোস্তাফিজ। এ এলাকার উন্নয়নে সরকারের বিভিন্ন জায়গায় তিনি যোগাযোগ করেছেন। আপনারা এ অঞ্চলে দুর্নীতি, চাঁদা ও দখলবাজ এবং সুশাসন নিশ্চিত করতে শাপলা কলিতে ভোট দিয়ে সাইফকে বিজয়ী করুন। একটি দল জাতীয়তাবাদের কথা বলে বিদেশি নাগরিকদের প্রার্থী করেছে এনসিপির এ মুখপাত্র বলেন, আমরা রেগুলার সেনাবাহিনীর সদস্যদের বর্তমানের চেয়ে দ্বিগুণ পরিমাণ প্রশিক্ষণের ব্যবস্থা করবো ইনশাআল্লাহ। আধিপত্যবাদীরা ফেলানীকে শহীদ করে কাঁটাতারে ঝুলিয়ে রেখে দিয়েছিল। কিন্তু এই আগ্রাসনের বিরুদ্ধে একটি বড় দল কী করবে তার বিষয়ে কোনো বক্তব্য দেয়নি। বাংলাদেশের মানুষ এখন আর ব্যক্তিগত পাওয়ার হিসাব করে না, বরং সবাই মিলে কী পাবে সেই হিসাব করে। আপনারা ঋণ খেলাপিদের টাকা নেন, কিন্তু ভোট দিবেন আগ্রাসন বিরোধীদের। আমরা এমন প্রার্থীদের ভোট দিব যারা আমাদের সুখে-দুঃখে আমাদের পাশে থাকবে। কোনো বিদেশি নাগরিক ও ঋণ খেলাপিদের ভোট দিয়ে সংসদে পাঠাবো না। সবাইকে হ্যাঁ ভোটের পক্ষে অবস্থান নেওয়ার আহ্বান জানিয়ে সাবেক এ উপদেষ্টা বলেন, আমরা আরও একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনাদের বলতে চাই, আপনাদের অবশ্যই হ্যাঁ ভোটকে বিজয়ী করতে হবে। আপনারা যদি চান হাসিনার মতো আর কোনো ফ্যাসিস্ট শাসক না আসুক তাহলে হ্যাঁ ভোটকে বিজয়ী করতে হবে। আমরা দেখেছি একটি দলের নেতা মাইকের সামনে হ্যাঁ ভোটের পক্ষে বলছে। কিন্তু তাদের নেতা-কর্মীরা মাঠে ময়দানে না ভোটের পক্ষে প্রচারণা করছে। ওই দলের নেতাকর্মীরা হ্যাঁ ভোট চাইলে তাদের নেতাদের সঙ্গে সুর মিলিয়ে বলবেন গুপ্ত গুপ্ত। তাদের নেতারা অন্য দলকে মুনাফেক বলে। আমরা তাদের মুনাফেক বলতে চাই না। আশা করছি তারা মুনাফেকি করবে না। এনসিপির যুগ্ম সদস্য সচিব ও সিরাজগঞ্জ-৬ আসনে ১১ দলীয় জোটের প্রার্থী এস এম সাইফ মোস্তাফিজ তার বক্তব্যে বলেন, এ আসনে লন্ডনের এক নাগরিক এসে নির্বাচন করছেন। তার বাবা মন্ত্রী এমপি ছিলেন। আমরা মন্ত্রী এমপির ছেলে না। আমরা রাজপথ থেকে উঠে এসেছি। ইনসাফ ভিত্তিক রাজনীতি করাই হচ্ছে আমাদের লড়াই। আমাদের সহযোদ্ধা শরীফ উসমান হাদীর হত্যার বিচার হয় নাই। তার ভাইদের কিনে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। শেরপুরে আমাদের আরেক সহযোদ্ধা জামায়াতের উপজেলা সেক্রেটারিকে কুপিয়ে হত্যা করা হয়েছে। আমরা আর কোনো মানুষকে খুন করতে দেবো না। আমরা সাধারণ মানুষের মৌলিক সমস্যার সমাধান করতে চাই। আর এজন্য সবাইকে হ্যাঁ ভোটের পক্ষে অবস্থান নিতে হবে। যারা না ভোটের পক্ষে অবস্থান নিচ্ছে, তারা দেশের শত্রু।

যতদিন মানুষের অধিকার নিশ্চিত

করা না হবে ততদিন চব্বিশ চলবে। আপনারা জেগে থাকবেন, পাহারা দেবেন। জামায়াত ক্ষমতায় গেলে দুর্নীতি, চাঁদাবাজি, দখলবাজি, টেন্ডারবাজি বন্ধ করা হবে। রোববার (১ ফেব্রুয়ারি) দুপুর সাড়ে ১২টার দিকে শেরপুর শহীদ দারোগ আলী পৌর পার্ক মাঠে আয়োজিত ১১ দলীয় জোটের নির্বাচনী জনসভায় এসব কথা বলেন তিনি। ডা. শফিকুর রহমান বলেন, নির্বাচন নিয়ে যদি কেউ সন্ত্রাস চালাতে চায়, তাহলে আল্লাহর নাম নিয়ে সমান পরিমাণ জবাব দিয়ে দেবেন, বেশি দেওয়ার দরকার নাই। তবে নিজে জবাব দেওয়ার আগে অবশ্যই প্রশাসনকে জানাবেন। যদি দেখেন, প্রশাসন ব্যবস্থা নিচ্ছে না, এটা সন্ত্রাসীদের অভয়ারণ্য হয়ে গেছে, তাহলে সেটা প্রতিহত করা ওয়াজিব হয়ে যাবে। তিনি বলেন, আমরা যুবকদের হাতে বেকার ভাতা তুলে দিতে চাই না। তাদের হালাল কর্মসংস্থানের ব্যবস্থা করে দিতে চাই। আমরা যুবকদের বাংলাদেশ নামে উড়োজাহাজের ককপিটে বসিয়ে দেব, আমরা বসব প্যাসেঞ্জার সিটে। তোমরাই আমাদের অহংকার। তোমরাই আগামী দিনের বাংলাদেশ। জামায়াত আমির বলেন, জাতি কঠিন বাঁকে দাঁড়িয়ে আছে, ১২ তারিখ সেই বাঁক পরিবর্তনের দিন। আল্লাহ তায়ালার গোলামি যারা করে, তারা কালো মেঘ দেখলে ভয় পায় না। আমরা এমন একটি দেশ চাই যেখানে তুচ্ছ শান্তির জন্য হানাহানি হবে না, নোংরা ঘটনা ঘটবে না। রাজনীতির নাম যদি মানুষ খুন হয় সেই রাজনীতি আমরা ঘৃণা করি। তিনি বলেন, আমাদের কেউ চাঁদাবাজ বলতে পারবে না। আমরা কোথাও চাঁদাবাজি করি না। বাংলাদেশে মোট মামলা করেছি ১ হাজার ২০০। এর মধ্যে ৮টি মামলায় আসামি একজন করে। দ্বিতীয় কাউকে অপরাধী পাইনি, তাদের নাম লিখব কি করে। আমরা এটা করিনি। কিন্তু অনেকেই হাজার হাজার মানুষকে আসামি করে মামলা করেছেন। তারপর তাদের কাছ থেকে অনেক কিছু গ্রহণ করেছেন। এসব হারাম। ডা. শফিকুর রহমান বলেন, আমি মায়েদের অত্যন্ত সম্মান করি। আমার এক্স অ্যাকাউন্ট হ্যাক করে মায়েদের নামে কুরুচিপূর্ণ বক্তব্য পোস্ট করা হয়েছে। একটা দল সেটি নিয়ে হইহই রইরই করে মিছিল শুরু করে দিয়েছে। যারা মায়েদের সম্মান করে না তারাই এখন মিছিল করছে। সাত ঘণ্টা পর আমার অ্যাডমিন অ্যাকাউন্টের এক্সেস ফিরে পেয়েছে। এই সাময়িক সময়ে যদি কোনো মা ওদের অপতথ্যের কারণে মনে কষ্ট পেয়ে থাকেন, তবে তাদের কাছে আমি ক্ষমা চেয়ে নিচ্ছি। তিনি আরও বলেন, বহু জায়গায় মায়েদের গায়ে হাত তোলা হয়েছে। কোনো কোনো উন্মাদ বলেছে, বোরকা-হিজাব পরে কেউ ভোট চাইতে গেলে তাদের কাপড় খুলে ফেলা হবে। যারা মা-বোনদের কাপড় খুলে নিতে চায়, তারা পশুর চেয়েও খারাপ। আমি স্পষ্টভাবে বলে দিতে চাই, মায়ের গায়ে হাত উঠলে বাংলাদেশ বিস্ফোরিত হবে। শেরপুরে উন্নয়নের দাবির বিষয়ে তিনি বলেন, এটা যেহেতু কৃষিপ্রধান এলাকা, এখানে একটি কৃষি বিশ্ববিদ্যালয় হলে ভালো হবে। এ জেলায় মেডিকেল কলেজ না থাকার বিষয়ে তিনি বলেন, আমরা ক্ষমতায় গেলে দেশের কোনো জেলাই মেডিকেল কলেজবিহীন থাকবে না। আর যেখানে যে ইন্ডাস্ট্রিজ প্রয়োজন সেটি গড়ে তোলা হবে। বক্তব্য শেষে জামায়াতের আমির শেরপুর-১ আসনে জামায়াতের প্রার্থী হাফেজ রাশেদুল ইসলাম, শেরপুর-২ আসনে জামায়াতের প্রার্থী মু. গোলাম কিবরিয়া ভিপি, শেরপুর-৩ আসনে জামায়াতের প্রার্থী নুরুজ্জামান বাদলের হাতে দাঁড়িপাল্লা প্রতীক তুলে দেন। জেলা জামায়াতের আমির মাওলানা হাফিজুর রহমানের সভাপতিত্বে সমাবেশে আরও বক্তব্য দেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ড. ছামিউল হক ফারুকী, জেলা জামায়াতের সাবেক আমির ডা. শাহাদাৎ হোসাইন, সাবেক সেক্রেটারি মাওলানা জাকারিয়া মো. আব্দুল বাতেন, বাংলাদেশ ডেভেলপমেন্ট পার্টির কেন্দ্রীয় অর্থ সম্পাদক রিয়াদ হোসাইন, ডাকসুর জিএস এসএম ফরহাদ, ছাত্রশিবিরের কেন্দ্রীয় কলেজ সম্পাদক ইউসুফ ইলাহী, জেলা এবি পার্টির সভাপতি জাহান মল্লিক, খেলাফত মজলিস শেরপুর জেলা শাখার আমির মাওলানা আব্দুল হালিম, বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা শফিকুল ইসলাম, জেলা এনসিপির আহ্বায়ক ইঞ্জিনিয়ার লিখন মিয়া, জেলা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক মামুনুর রহমান, জেলা ছাত্রশিবিরের সভাপতি আশরাফুজ্জামান মাসুম, জুলাই যোদ্ধা খোকন চন্দ্র বর্মণ প্রমুখ। সমাবেশে জেলা, উপজেলা ও ১১ দলীয় জোটের নেতৃবৃন্দসহ বিপুল সংখ্যক কর্মী-সমর্থক উপস্থিত ছিলেন।

বিশেষ কিছু এলাকায় অনেক

বছরে ঢাকা মহানগরসহ দেশের বিভিন্ন এলাকায় অসংখ্য ভোটার স্থানান্তরিত হয়েছে। বিশেষ বিশেষ কিছু এলাকায় অনেক নতুন ভোটার হয়েছেন, যেটা অস্বাভাবিক। রোববার (১ ফেব্রুয়ারি) দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে বৈঠক শেষে এসব কথা বলেন নজরুল ইসলাম খান। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে কয়েকটি বিষয়ে অভিযোগ নিয়ে সিইসির সঙ্গে বৈঠক করে বিএনপির একটি প্রতিনিধিদল। পরে বৈঠকে আলোচনার বিষয়াবলি সাংবাদিকদের সামনে তুলে ধরেন নজরুল ইসলাম খান। তিনি জানান, ভোটার স্থানান্তরের বিষয়টি তাঁরা তুলে ধরেছেন। এ বিষয়ে ইসি বলেছে, এ রকম বেশি হয়নি। কোনো আসনে দু-তিন হাজারের বেশি স্থানান্তরিত হননি। তবে বিএনপি ইসির এ কথায় সন্তুষ্ট হতে পারেনি। নজরুল ইসলাম খান বলেন, তাঁরা নিশ্চিত জানেন, প্রকৃতপক্ষে অনেক বেশি ভোটার স্থানান্তরিত হয়েছেন। যাঁরা ইসিকে এ-সংক্রান্ত তথ্য সরবরাহ করেছেন, তাঁরা সঠিক তথ্য দেননি। বিএনপি ইসির কাছে আসনভিত্তিক ভোটার স্থানান্তরের তথ্য জানতে চেয়েছে। বিভিন্ন জায়গায় নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের ঘটনায় যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে না বলেও অভিযোগ করেন নজরুল ইসলাম খান। তিনি বলেন, কেউ কেউ কোনো দলের পক্ষে বক্তৃতা করতে ধর্মীয় আবেগ ও বিশ্বাসকে আঘাত করছেন। কিন্তু ইসি কোনো ব্যবস্থা নিচ্ছে না। কোনো কোনো দলের পক্ষ থেকে বিভিন্ন নির্বাচনী এলাকায় শান্তিশৃঙ্খলা রক্ষার নামে একটা শান্তি কমিটি গঠন করার কথা শোনা যাচ্ছে উল্লেখ করে নজরুল ইসলাম খান বলেন, 'শান্তি কমিটি শব্দটাই আমাদের কাছে খুব অপ্রিয় শব্দ; যদিও আমরা শান্তিবাদী মানুষ। নির্বাচন কমিশন বলেছে, তাদের এ সম্পর্কে জানা নেই।' বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান জানান, এবার দেশি ৮১টি সংস্থার ৫৫ হাজারের বেশি পর্যবেক্ষককে অনুমোদন দিয়েছে ইসি। এগুলোর মধ্যে বেশ কিছু প্রতিষ্ঠান আছে, তেমন পরিচিত নয়। কারও বিরুদ্ধে বিএনপির অভিযোগ নেই। তাঁরা জানতে চেয়েছেন, ইসি বিষয়টা গভীরভাবে বিবেচনা করেই সিদ্ধান্ত নিয়েছে, নাকি সাধারণ প্রক্রিয়ায় হয়েছে। ইসি বলেছে, তারা বিষয়টি পর্যালোচনা করবে।

অভ্যন্তরীণ ইস্যুতে বিদেশিদের

পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। তিনি বলেন, অভ্যন্তরীণ ইস্যুতে বিদেশি কূটনীতিকদের মন্তব্য করার পেছনে সমাজের বড় একটি অংশেরও দায় রয়েছে। তারাও চায়, অভ্যন্তরীণ ইস্যুতে কূটনীতিকরা মন্তব্য করুক। ফলে সবসময় বিদেশি কূটনীতিকদের দোষ দেওয়া যায় না। রোববার (১ ফেব্রুয়ারি) সকালে রাজধানীর একটি হোটেলে ম্যানেজমেন্ট অ্যান্ড রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই) ও ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিক্যাব) আয়োজিত এক প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে এক সাংবাদিক প্রশ্ন করেন বাংলাদেশের নির্বাচনসহ অভ্যন্তরীণ বিষয়ে বিদেশি কূটনীতিকরা প্রায়ই মন্তব্য করেন, অথচ ভারতে অবস্থানরত কূটনীতিকরা এমন মন্তব্য করেন না বা তাদের করতে দেওয়া হয় না। এটিকে হস্তক্ষেপ হিসেবে দেখা উচিত কি না? জবাবে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, প্রত্যেক দেশে ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃতভাবে কিছু কূটনৈতিক ট্র্যাডিশন তৈরি হয়ে যায়। ভারতের ক্ষেত্রে এক ধরনের ট্র্যাডিশন রয়েছে, আমাদের দেশেও তেমন একটি ট্র্যাডিশন দাঁড়িয়ে গেছে। তিনি বলেন, বাংলাদেশে কূটনৈতিক কমিউনিটির অভ্যন্তরীণ বিষয়ে কথা বলার বিষয়টি এখন সংস্কৃতির অংশ হয়ে গেছে। অনেক সময় আমার মনে হয়েছে, সমাজের বড় একটি অংশও চায় তারা এসব বিষয়ে কথা বলুক। সে কারণে শুধু বিদেশি কূটনীতিকদের দোষ দেওয়া ঠিক হবে না। অনুষ্ঠানে ইউএনডিপির আবাসিক প্রতিনিধি স্টিফেন লিলার বক্তব্য দেন। ডিক্যাব সভাপতি এ কে এম মঈনুদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন সংগঠনের সাধারণ সম্পাদক আবু হেনা ইমরুল কায়েস প্রমুখ।

হাজারীবাগ থেকে তেজগাঁও কলেজ

দিকে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ মর্গে পাঠায় পুলিশ। মৃত দ্বীন ইসলাম ইমন বরগুনা জেলার সদর থানার আব্দুল হাকিমের ছেলে ছিল। তিনি হাজারীবাগ থানার ঝিগাতলার নতুন রাস্তায় ৪১/২৪ নম্বর বাসায় ভাড়া থাকতেন। বিষয়টি নিশ্চিত করেছেন হাজারীবাগ থানার পরিদর্শক (তদন্ত) মো. শাহাদাত হোসেন। তিনি জানান, শনিবার (৩১ জানুয়ারি) মধ্যরাতে ৯৯৯ নম্বরে খবর পেয়ে আমরা ঘটনাস্থলে যাই। পরে দরজা ভেঙে ওই শিক্ষার্থীর ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় মরদেহ উদ্ধার করা হয়। পরে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ মর্গে পাঠানো হয়েছে। তিনি আরও জানান, প্রাথমিকভাবে আমরা জানতে পেরেছি সে হতাশাগ্রস্ত ছিল এবং একটি নারীর সঙ্গে তার সম্পর্ক ছিল। সে তেজগাঁও কলেজ অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিল। এই ঘটনায় হাজারীবাগ থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

আজ এলপিজির নতুন

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের নির্দেশনা সোমবার দুপুর ৩টায় ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের (আইইবি) ঢাকাস্থ কমিশন কার্যালয়ের শুনানি কক্ষে এক প্রেস ব্রিফিংয়ের মাধ্যমে ঘোষণা করা হবে। জানুয়ারি মাসে দেশে ভোক্তাপর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) ১২ কেজি সিলিন্ডারের দাম ১ হাজার ৩০৬ টাকা নির্ধারণ করা হয়েছিলে। আর গত ডিসেম্বরে ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ১ হাজার ২৫৩ টাকা নির্ধারণ করেছিল বিইআরসি।

নগরীর সদর রোড এলাকায় ধানের শীষ মার্কার নির্বাচনী প্রচারণা ও লিফলেট বিতরন করেন বরিশাল সিটি কর্পোরেশনের সাবেক ভারপ্রাপ্ত মেয়র প্যানেল মেয়র কাউন্সিলর বৃন্দ ও সংরক্ষিত মহিলা কাউন্সিলরবৃন্দ-**কীর্তনখোলা**

সুষ্ঠু নির্বাচন

জান-মালের নিরাপত্তা রক্ষায় বিভিন্ন ধরনের অভিযান পরিচালনার মাধ্যমে কোস্ট গার্ড উপকূলবাসীর নিকট আস্থার প্রতীকে পরিণত হয়েছে। আগামী ১২ ফেব্রুয়ারি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পাদনের লক্ষ্যে বাংলাদেশ কোস্ট গার্ড বদ্ধপরিকর। নির্বাচন উপলক্ষ্যে গত ১৮ জানুয়ারি মোতায়েন হয়ে আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত মোট ২৮ দিনব্যাপী বাংলাদেশ কোস্ট গার্ড দায়িত্বাধীন উপকূলীয় এবং নদী তীরবর্তী দুর্গম ও গুরুত্বপূর্ণ এলাকাসমূহের ভোট কেন্দ্রে দায়িত্ব পালন করবে। এরই ধারাবাহিকতায় কোস্ট গার্ড সদস্যগণ দক্ষিণ জোনের আওতাধীন ভোলা সদর, দৌলতখান, তজুমদ্দিন, চরফ্যাশন, মনপুরা, মেহেন্দিগঞ্জ, হাতিয়া, বাউফল, রাঙ্গাবালী, কলাপাড়া ও রামগতি উপজেলার ঝুঁকিপূর্ণ ও স্পর্শকাতর এলাকাসমূহে সর্বমোট ১১৫টি ভোটকেন্দ্র বিশেষ গোয়েন্দা ও ড্রোন নজরদারি, নিয়মিত টহল এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে একটি উৎসব মুখর ভোটের পরিবেশ সৃষ্টির প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এছাড়াও, আপনারা সকলে অবগত আছেন যে, একটি জবাবদিহিমূলক, জনকল্যাণমুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে অন্তর্বর্তীকালীন সরকার একই দিনে গণভোটের আয়োজন করেছে। নির্বাচনকালীন আইন-শৃঙ্খলা রক্ষার পাশাপাশি সাধারণ জনগণের ভোটাধিকার নিশ্চিতকরণ এবং যেকোনো ধরনের সহিংসতা দমনে বাংলাদেশ কোস্ট গার্ড সর্বদা সতর্ক ও প্রস্তুত রয়েছে। পাশাপাশি অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও স্থানীয় প্রশাসনকে সহায়তা প্রদানের মাধ্যমে বাংলাদেশ কোস্ট গার্ড দক্ষিণ জোনের দায়িত্বপূর্ণ এলাকায় ধর্ম-বর্ণ নির্বিশেষে জনগণের জানমালসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবে। তিনি আরও বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ সৃষ্টিতে বাংলাদেশ কোস্ট গার্ড জাতির নিকট প্রতিশ্রুতিবদ্ধ এবং তার দায়িত্ব পালনে সদা তৎপর থাকবে 'ইনশা আল্লাহ'।

মেহেন্দিগঞ্জে জামায়াত আমিরের

সভাপতি ও কেন্দ্রীয় কার্যকরী পরিষদ সদস্য নেয়ামুল হাসান নাঈম, জামায়াত মনোনীত মেহেন্দিগঞ্জ উপজেলার চেয়ারম্যান প্রার্থী সগীর বিন সাঈদ, জেলা কর্মপরিষদ সদস্য অ্যাডভোকেট জহির উদ্দিন ইয়ামিন। এসময় নেতৃবৃন্দ বলেন, আগামী ৬ তারিখ পাতারহাট আর সি কলেজ মাঠে জনসমুদ্র হবে। আমীরে জামায়াত অবহেলিত মেহেন্দিগঞ্জ হিজলা বাসীর কথা শুনবে এবং নদীভাঙ্গন প্রবন এই দুখী মানুষদেরকে সমস্যা সমাধানে নির্দেশনা প্রদান করবেন। উল্লেখ, আমীরে জামায়াত ডা. শফিকুর রহমান আগামী ৬ ফেব্রুয়ারী শুক্রবার বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলায় সফর করবেন এবং পাতারহাট আর সি কলেজ মাঠে অনুষ্ঠিতব্য সমাবেশে বক্তব্য দিবেন।

পুকুরে ডুবে ৬ বছরের

দুপুরের দিকে আবদুল্লাহ্ বাড়ি পাশে পুকুরপাড়ে একা খেলাধুলা করছিল। এর মাঝে অসাবধানতাবশত সে পা পিছলে পুকুরে পড়ে যায়। দীর্ঘ সময় শিশুটিকে বাড়িতে না পেয়ে পরিবারের সদস্যরা আশপাশে খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে পরিবারের সদস্যরা বাড়ি পাশের পুকুরে শিশুটিকে ভাসতে দেখতে পান। পরে দ্রুত স্থানীয়দের সহায়তায় তাকে উদ্ধার করে তালতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক বিকেল সাড়ে ৩টার দিকে শিশুটিকে মৃত ঘোষণা করেন। তালতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডা. মাহফুজা আক্তার জানান, হাসপাতালে আনার আগেই শিশুটির মৃত্যু হয়ে থাকতে পারে।

বেহেশতের লোভ দেখিয়ে একটি দল

হয়েও তিনবারের প্রধানমন্ত্রী এবং দলের চেয়ারপার্সন ছিলেন। রবিবার (১ ফেব্রুয়ারি) বিকেলে ভোলার লালমোহন উপজেলার রামগঞ্জ ইউনিয়নের রায়চাঁদ মাধ্যমিক বিদ্যালয় মাঠে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আয়োজিত বিএনপির নির্বাচনি জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জনসভায় উপস্থিত জনগণের উদ্দেশে মেজর হাফিজ প্রশ্ন রাখেন, আপনারা কি সুখী সমিদ্ধ বাংলাদেশ চান? সঙ্গে সঙ্গে জনসভা প্রাঙ্গণ থেকে জোরালো কণ্ঠে 'হ্যাঁ' ধ্বনি ভেসে আসে। তিনি বলেন, আমরা যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি। এই দেশ কোনো পরাশক্তির করুণা নয়। আমরা স্বাধীন ও সার্বভৌম জাতি হিসেবে বিশ্ব দরবারে মর্যাদা নিয়ে বাঁচতে চাই। রামগঞ্জ ইউনিয়ন বিএনপির সভাপতি হানিফ হাওলাদারের সভাপতিত্বে জনসভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি মো. জাফর ইকবাল, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম বাবুল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মো. শহিদুল ইসলাম হাওলাদার, রমাগঞ্জ ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক খাইরুল হাসান কাঞ্চনসহ বিএনপির বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

নুর-মামুনের সমর্থকদের সংঘর্ষ

পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। সংঘর্ষে মারুফ, অজিত, ওয়াজিব, অলিউল ইসলাম টিটু, বায়েজিদসহ উভয় পক্ষের অন্তত ১৫ জন আহত হন। আহতদের মধ্যে হাসান মামুনের ঘোড়া প্রতীকের সমর্থক মারুফ গাজী (২৪), ওয়াজিব হাওলাদার (২৪) ও জায়েদকে (২২) গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। অন্যরা প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। ঘটনার সত্যতা নিশ্চিত করে গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জিল্লুর রহমান বলেন, উভয় পক্ষের মধ্যে ঝামেলা হয়েছিল। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ বিষয়ে নুরুল হক নুরের নির্বাচন পরিচালনা কমিটির সমন্বয়ক ও ছাত্র অধিকার পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি মো. আবু নাঈম বলেন, ডাকুয়ায় আমাদের তিনজন লোককে তারা মিছিলে টেনে নিয়ে যাচ্ছিল। এ নিয়ে সংঘর্ষের শুরু হয়। এ ঘটনায় এখন পর্যন্ত কোনো প্রার্থীর কাছ থেকে আনুষ্ঠানিক মন্তব্য পাওয়া যায়নি।

বড়ো বা ছোটো দল

এবং ডিজিটাল ও অবজারভেশন টিমের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। বরিশাল জেলা রিটার্নিং কর্মকর্তা খাইরুল আলম সুমনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জেলা পুলিশ সুপার ফারজানা ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় ইসি সানাউল্লাহ বলেন, প্রবাসীদের ভোটগ্রহণ প্রক্রিয়ায় কোনো ধরনের কারচুপির সুযোগ রাখা হয়নি। ভোট প্রদানের ক্ষেত্রে লাইভ ভেরিফিকেশন বাধ্যতামূলক করা হয়েছে এবং ব্যালটের নিরাপত্তা নিশ্চিতে গোয়েন্দা সংস্থার সদস্যরা দায়িত্ব পালন করবেন। তিনি আরও বলেন, প্রবাসীদের জন্য ব্যবহৃত ব্যালটে মোট ১১৯টি প্রতীক থাকবে। ফলে খাম খোলা ও সঠিকভাবে ভোট গণনায় তুলনামূলকভাবে বেশি সময় লাগতে পারে। ভোটকেন্দ্রে শুধু প্রিসাইডিং অফিসার কলম বহন করতে পারবেন; অন্য কর্মকর্তা ও সংশ্লিষ্টদের পেনসিল ব্যবহার করতে হবে। নির্বাচন কমিশনার বলেন, ভোট চলাকালে প্রতি আসনে ১০ জন করে ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালন করবেন। মোবাইল ফাইন্যানশিয়াল সার্ভিসের মাধ্যমে কোনো ধরনের অনিয়ম ঠেকাতে কমিশন বিশেষভাবে সতর্ক রয়েছে। ভোট কেনা-বেচা রোধে একাধিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে এবং অর্থ লেনদেনের ক্ষেত্রে একটি নির্দিষ্ট সীমা নির্ধারণ করা হবে। নির্বাচন পরিচালনার সঙ্গে যুক্ত কর্মকর্তাদের কোনো ধরনের আপ্যায়ন বা আতিথেয়তা গ্রহণ না করার নির্দেশ দিয়ে ইসি বলেন, অপতথ্য ও গুজব প্রতিরোধে দ্রুত সত্য ও সঠিক তথ্য জনগণের কাছে পৌঁছে দিতে হবে। এছাড়া বয়স্ক, প্রতিবন্ধী ও আহত ভোটারদের ভোটাধিকার নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা জানিয়ে ইসি সানাউল্লাহ বলেন, ভোটে স্বচ্ছতা নিশ্চিত করতে সব জেলা ও প্রতিটি ভোটকেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হবে। তিনি আরও বলেন, নির্বাচন সংশ্লিষ্ট সবাইকে দৃঢ়তার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। যেখানে অনিয়ম হবে, সেখানে কোনো ধরনের নমনীয়তা দেখানো যাবে না।

বছরে ৫ লাখ ৭০ হাজার ২৬৩ জন

২৬৩ জন মানুষ অসংক্রামক রোগে প্রাণ হারায়। গ্লোবাল বারডেন অফ ডিজিজ ২০২১ অনুযায়ী, অতিরিক্ত সোডিয়াম, ট্রান্সফ্যাটযুক্ত খাবার ও চিনিযুক্ত কোমল পানীয় প্রভৃতি অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাসের কারণে অসংক্রামক রোগে বছরে প্রায় ২৭,৩৮৭ মানুষ মারা যায়। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল অ্যান্ড রিসার্চ ইন্সটিটিউটের ইপিডেমিওলজি অ্যান্ড রিসার্চ বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. সোহেল রেজা চৌধুরী বলেন, জনগণের মধ্যে উচ্চ রক্তচাপসহ অন্যান্য অসংক্রামক রোগের ঝুঁকি কমাতে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গড়ে তোলা এবং প্রক্রিয়াজাত খাদ্যে নির্ভরতা কমিয়ে আনা বিশেষভাবে জরুরি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের সাবেক ডিরেক্টর অধ্যাপক ড. নাজমা শাহীন বলেন, 'অতিরিক্ত লবণ, চিনি ও ট্রান্সফ্যাটের মতো স্বাস্থ্যহানিকর খাদ্য উপাদানের পরিমাণ সম্পর্কে জনসচেতনতা তৈরিতে ফ্রন্ট-অফ-প্যাক লেবেলিং ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এটি দেশে উচ্চ রক্তচাপসহ অন্যান্য অসংক্রামক রোগের প্রকোপ কমাতে কার্যকর ভূমিকা পালন করবে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ- এর সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব বলেন, 'প্রক্রিয়াজাত খাবার গ্রহণের স্বাস্থ্যঝুঁকি সম্পর্কে ভোক্তাদের বিশেষভাবে সচেতন করতে সহজবোধ্য উপায়ে ফ্রন্ট-অফ-প্যাক লেবেলিং ব্যবস্থা চালু করতে সরকার কাজ করছে, আশা করি দ্রুততই এটা বাস্তবায়ন করতে পারব।' জিএইচএআই-এর বাংলাদেশ কান্ট্রি লিড মুহাম্মাদ রূহুল কুদ্দুস বলেন, উচ্চ রক্তচাপের মতো অসংক্রামক রোগ মোকাবেলায় সচেতনতার পাশাপাশি টেকসই অর্থায়ন নিশ্চিত করা প্রয়োজন। অসংক্রামক রোগ নিয়ন্ত্রণে বাজেট বরাদ্দ খুবই অপ্রতুল, স্বাস্থ্য বাজেটের মাত্র ৪.২ শতাংশ। ওয়েবিনারে আলোচক হিসেবে আরো উপস্থিত ছিলেন ডেইলি টাইমস অব বাংলাদেশের হেড অব অনলাইন (বাংলা) মো. মনির হোসেন লিটন। প্রজ্ঞার নির্বাহী পরিচালক এ বি এম জুবায়ের এর সভাপতিত্বে ওয়েবিনারটি সঞ্চালনা করেন প্রজ্ঞা'র প্রোগ্রাম অফিসার সামিহা বিনতে কামাল। প্রিন্ট, টেলিভিশন এবং অনলাইন মিডিয়ার সাংবাদিক, নাগরিক সমাজের প্রতিনিধি ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞসহ দেশের বিভিন্ন অঞ্চল থেকে বিভিন্ন শ্রেণি পেশার মানুষ এই ওয়েবিনারে অংশ নেন।

জনগণ ভারত-আমেরিকার ইনসাফ

এলাকায় নির্বাচনি জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি লক্ষ্মীপুর-৪ (রামগতি ও কমলনগর) আসনের হাতপাখার প্রার্থী খালেদ সাইফুল্লাহ ও লক্ষ্মীপুর-৩ (সদর) আসনের প্রার্থী মো. ইব্রাহিমের হাতে প্রতীক তুলে দিয়েছেন। রেজাউল করিম বলেন, প্রচলিত নিয়মে ৫৪ বছর দেশ চালানোর পর কি ইনসাফভিত্তিক রাষ্ট্র বাস্তবায়ন করা হয়েছে? এই নিয়মে আবার নতুন করে কীভাবে ইনসাফভিত্তিক রাষ্ট্র বাস্তবায়ন করবে তারা? জামায়াত স্পষ্টভাবে বলেছে, তারা ইসলামী শরীয়াহ আইনে দেশ চালাবে না। তারা প্রচলিত নিয়ম অনুযায়ী দেশ চালাবে ক্ষমতায় গেলে। তাদের প্রার্থী কৃষ্ণনন্দী বলেছেন, জামায়াত কোনো ইসলামী দল না। তারা ক্ষমতায় গেলে কোনো নীতি আদর্শে দেশ পরিচালনা করবে। যে নীতিতে হাজার হাজার মায়ের বুক খালি হয়েছে। যে নীতি আদর্শে এ দেশের টাকা বিদেশে পাচার হয়ে বেগমপাড়া তৈরি হয়েছে। রাস্তায় মানুষ নামার পরে গুম হয়ে যেত, খুন হয়ে যেত, এ নীতিতে তারা দেশ চালানোর পাঁয়তারা করছে। লক্ষ্মীপুর-৪ আসনের হাতপাখার প্রার্থীর খালেদ সাইফুল্লাহর সভাপতিত্বে এতে বক্তব্য দেন ইসলামী আন্দোলনের কেন্দ্রীয় কমিটির সদস্য রেজাউল করিম আবরার, ইসলামী চিন্তাবিদ হাবিবুর রহমান মেজবাহ ও ইসলামী আন্দোলন জেলা কমিটির সেক্রেটারি জহিরুল ইসলাম প্রমুখ।

বিকাশ-নগদ-রকেটে এক হাজারের বেশি লেনদেন নয়, বন্ধ থাকবে ইন্টারনেট ব্যাংকিং

কীর্তনখোলা ডেস্ক

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মোবাইল ব্যাংকিং ও ইন্টারনেট ব্যাংকিং সেবায় কড়াকড়ি আরোপের নির্দেশনা আসছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী বিকাশ, রকেট ও নগদের মতো মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসে (এমএফএস) এক হাজার টাকার বেশি লেনদেন করা যাবে না। একই সঙ্গে নির্বাচনকালীন সময়ে ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমে ব্যক্তি থেকে ব্যক্তি টাকা পাঠানো সাময়িকভাবে বন্ধ রাখার উদ্যোগ নেওয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তারা এ তথ্য নিশ্চিত করেছেন। আগামী ৮ থেকে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত এসব সীমাবদ্ধতা কার্যকর থাকতে পারে। এ বিষয়ে চলতি সপ্তাহেই নির্দেশনা জারি করবে কেন্দ্রীয় ব্যাংক। এ বিষয়ে জানতে চাইলে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান বলেন, জাতীয় সংসদ নির্বাচনের আগে ভোটে অর্থের অপব্যবহার ঠেকাতে নির্বাচন কমিশন অর্থ লেনদেন সীমিত করার নির্দেশনা দিয়ে থাকে। এবারও একই ধরনের নির্দেশনা আসছে। নির্বাচন কমিশনের চাহিদার পরিপ্রেক্ষিতে অর্থ লেনদেন সীমিত করার প্রক্রিয়া চলমান রয়েছে। নির্দেশনা চূড়ান্ত হলে এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক সার্কুলার জারি করবে। নতুন নির্দেশনায় বিকাশ, রকেট ও নগদসহ সব এমএফএস গ্রাহক দিনে সর্বোচ্চ ১০ হাজার টাকা লেনদেন করতে পারবেন। প্রতিবার লেনদেনের সর্বোচ্চ সীমা হবে এক হাজার টাকা। এক দিনে সর্বোচ্চ ১০ বার লেনদেন করা যাবে। বর্তমানে একজন গ্রাহক দিনে সর্বোচ্চ ৫০ হাজার টাকা ও মাসে তিন লাখ টাকা পর্যন্ত লেনদেন করতে পারেন। নির্বাচন কমিশনের চাহিদার পরিপ্রেক্ষিতে এই সীমা কমানোর প্রস্তাব দিয়েছে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। নির্বাচনকালীন সময়ে ব্যাংকের অ্যাপ ও ইন্টারনেট ব্যাংকিং ব্যবহার করে ব্যক্তি থেকে ব্যক্তি টাকা স্থানান্তরও বন্ধ রাখার প্রস্তাব করা হয়েছে। বর্তমানে ব্র্যাক ব্যাংকের 'আস্থা', সিটি ব্যাংকের 'সিটিটাচ', ইসলামী ব্যাংকের 'সেলফিন', ডাচ্?-বাংলা ব্যাংকের 'নেক্সাস পে' ও পূবালী ব্যাংকের 'পাই' অ্যাপের মাধ্যমে গ্রাহকেরা দৈনিক সর্বোচ্চ ১০ লাখ টাকা পর্যন্ত লেনদেন করতে পারেন। নির্বাচন কমিশনের অনুরোধে বিএফআইইউ ব্যক্তি থেকে ব্যক্তি লেনদেন সাময়িকভাবে বন্ধ রাখার সুপারিশ করেছে। বাংলাদেশ ব্যাংক বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনা করছে বলে জানা গেছে। বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তারা জানিয়েছেন, নির্বাচনে ভোটারদের প্রভাবিত করতে যেন টাকার অপব্যবহার না হয়, সেজন্য এসব পদক্ষেপ নেওয়া হচ্ছে। তবে প্রার্থীদের ঘোষিত নির্বাচনী ব্যয়ের ক্ষেত্রে কোনো বাধা থাকবে না। পাশাপাশি সমর্থকেরাও বৈধ উপায়ে নির্বাচনী খরচ জোগান দিতে পারবেন। এ ছাড়া নির্বাচনকালীন আর্থিক লেনদেনে সতর্ক রয়েছে কেন্দ্রীয় ব্যাংক। গত ১১ জানুয়ারি থেকে নগদ টাকা জমা ও উত্তোলনে নজরদারি জোরদার করেছে বিএফআইইউ। সংস্থাটির নির্দেশনা অনুযায়ী, কোনো হিসাবে এক দিনে ১০ লাখ টাকা বা তার বেশি নগদ লেনদেন হলে সংশ্লিষ্ট ব্যাংককে সিটিআর (ঈঞজ) দাখিল করতে হবে। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সাপ্তাহিক ভিত্তিতে এই প্রতিবেদন জমা দেওয়া বাধ্যতামূলক থাকবে। নির্ধারিত সময়ে প্রতিবেদন না দিলে বা ভুল তথ্য দিলে অর্থ পাচার প্রতিরোধ আইনে ব্যবস্থা নেওয়া হবে।

ভাণ্ডারিয়ায় প্রিজাইডিং ও সহকারী

পিরোজপুর পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহম্মেদ সিদ্দিকী, পিরোজপুর সদর আর্মি ক্যাম্প কমান্ডার মেজর ইশরাক রহমান, পিরোজপুর জেলা নির্বাচন কর্মকর্তা আবদুল মান্নান প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ভাণ্ডারিয়া উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. শাহীন শরীফ। এসময় অন্যান্যের মধ্যে উপজেলা সহকারী কমিশনার ভূমি উজ্জল হালদার,প্রাণীসম্পদ কর্মকর্তা ডা: সুদেব সরকার,কৃষি কর্মকর্তা মো.নজরুল ইসলামসহ অন্য কর্মকর্তা উপস্হিত ছিলেন। কর্মশালায় ৬০জন প্রিজাইডিং এবং সহকারী প্রিজাইডিং কর্মকর্তা অংশ নেন। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক আবু সাঈদ বলেন, আগামী ১২ই ফেব্রুয়ারির নির্বাচনটি একটি গুরুত্বপূর্ণ নির্বাচন। রাষ্ট্রের নাগরিক হিসেবে আমরা সবাই সততা এবং নিষ্ঠার সাথে নির্বাচন কমিশন থেকে প্রাপ্ত দায়িত্ব সঠিক ভাবে পালন করব। এবং আমরা আশা করছি নির্বাচনটি সুষ্ঠ এবং শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করে দেশের অন্যান্য এলাকার থেকে একটি দৃষ্টান্ত স্হাপন করব। বিশেষ অতিথির বক্তব্যে পিরোজপুর সুপারমোহাম্মদ মনজুর আহম্মেদ সিদ্দিকী বলেন, পুলিশের পক্ষ থেকে আমরা সকল নির্বাচনী কেন্দ্রে গুলিতে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে পুলিশ সদস্য ছাড়াও কয়েক স্তরের আইনশৃংখলা রক্ষা বাহিনী থাকবে। এছাড়াও সকল কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত পুলিশ সদস্যদের সাথে বডিওর্ন ক্যামেরা থাকবে। কেন্দ্র গুলোতে সবাই তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিক ভাবে পালন করবেন। এর পূর্বে নির্বাচনের দিন ভোট গ্রহণ বিষয়ক একটি স্লাইডশো প্রদর্শণ করা হয়।

ঝালকাঠি-২ আসনের স্বতন্ত্র প্রার্থী

২২৩তম আসামি। সবুজবাগ থানার মীম আক্তার আখি (২৮) নামে এক নারী বাদী হয়ে মামলাটি (নম্বর : ৪৫,তারিখ : ১৩ জানুয়ারী ২০২৫)। মামলাটি চলতি বছরের ৪ জানুয়ারি ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের নির্দেশে মামলাটি এফআইআর হিসেবে যাত্রাবাড়ি থানায় রেকর্ড করা হয়। বিষয়টি নিশ্চিত করে যাত্রাবাড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. খালেদ হাসান জানান, আদালতের নির্দেশে মামলাটি রেকর্ড করা হয়েছে। আসামিদের গ্রেফতারে পুলিশ তৎপর রয়েছে। বিষয়টি জানাজানি হবার পর ঝালকাঠিতে তোলপাড় শুরু হয়েছে। রাজনৈতিকসহ বিভিন্ন মহলে প্রশ্ন উঠেছে জুলাই আন্দোলনের মামলায় আসামি হয়েও কিভাবে রাজ্জাক সেলিম নির্বাচন করছেন? সেলিম তার হলফনামায় কোনো এ তথ্য গোপন করেছেন? বিগত সময়ে দলীয় সকল সুযোগ সুবিধা ভোগ করে সবশেষ ২০২৪ সালে সহসভাপতি পদে থেকেই উপজেলা নির্বাচনে অংশ নেয়। এ সময় আওয়ামী লীগের দলীয় প্রার্থীর সমর্থকদের সঙ্গে রাজ্জাক সেলিমের সমর্থকদের বিরোধে মামলার পর তিনি এলাকা ছেড়ে চলে যান। ত্রয়োদশ সংসদ নির্বাচনের যাচাই বাছাইয়ে সেলিমের মনোনয়ন বাতিল করা হয়েছিল। এরপর তিনি আপিল কমিশনের মাধ্যমে আবার মনোনয়ন ফিরে পান। গত ২৯ ডিসেম্বর মনোনয়ন দাখিলের সময় তার পক্ষে স্ত্রী নিলা রাজ্জাক মনোনয়ন দাখিল করেন। এ সময় তাকে রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে প্রশাসনের পক্ষ থেকে দীর্ঘ সময় জিজ্ঞাসাবাদ শেষে ছেড়ে দেওয়া হয়। কিন্তু স্ত্রীর সঙ্গে থাকা দুই জনকে জিজ্ঞাসাবাদে সন্দেহ হওয়ায় ডিবি পুলিশ আটক করে থানায় সোপর্দ করে। তার হলো সাদাফ হোসেন (৩৫) ও মাকসুদুর রহমান (৪৩)। এদের দুজনকেই ঝালকাঠি সদর থানার বিস্ফোরক আইনের মামলায় গ্রেফতার দেখিয়ে জেল হাজতে পাঠানো হয়। জিজ্ঞাসাবাদে সাদাফ হোসেন জানায়, তিনি রাজ্জাক সেলিমের ভায়রা ছেলে এবং মাকসুদুর রহমান ভাগ্নে জামাই। তারা দুই জনই ঢাকার বাসিন্দা। সংসদ নির্বাচনে অন্যান্য রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীরা নির্বাচনি এলাকায় প্রচার প্রচারণা শুরু করলেও তিনি এখন পর্যন্ত ঝালকাঠি পৌরসভা এলাকায় কোনো গণসংযোগ করেনি। তবে পৌর মিনি পার্ক ও গাবখান ব্রিজের পূর্বপাশে তার দুটি রঙ্গিন (পিভিসি) বিলবোর্ড দেখা গেছে। এ ধরনের বিলবোর্ড আচরণ বিধির লঙ্ঘন কিনা তা নিয়েও প্রশ্ন উঠেছে। এ বিষয়ে রাজ্জাক সেলিম জানান, ২৯ ডিসেম্বর মনোনয়নপত্র দাখিলের শেষ সময় পর্যন্ত এ ধরনের কোনো মামলার তথ্য আমার জানা ছিল না। যে কারণে হলফনামা প্রদানের সময় পর্যন্ত এই মামলার বিষয় কোনো তথ্য উল্লেখের প্রশ্ন ওঠেনি। এখন যেহেতু একটি মামলার বিষয় আলোচনা হচ্ছে তাই আমি নিশ্চিত হওয়ার জন্য খোঁজ খবর নিচ্ছি। ঝালকাঠি জেলা নির্বাচন কর্মকর্তা মো. জাহিদ হোসেন জানান, মামলার বিষয়টি আমরা গণমাধ্যম থেকেই শুনেছি, খোঁজ নিয়ে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গৌরনদীতে হাতপাখা প্রার্থীর

সমর্থকদের প্রচারনায় বাঁধা প্রদান করেন। এনিয়ে বাঁধা দেওয়া ওই যুবকদের সাথে হাতপাখার সমর্থকদের ধাক্কাধাক্কির ঘটনা ঘটে। হাতপাখা মার্কার সমর্থকরা অভিযোগ করে বলেন, বিএনপি মনোনীত ধানের শীষ মার্কার প্রার্থী জহির উদ্দিন স্বপনের কয়েকজন সমর্থক আমাদের প্রচারনায় বাঁধা প্রদান করেছে। একপর্যায়ে তারা আমাদের তীব্র প্রতিবাদের মুখে পিছু হটে যায়। বিষয়টি সংশ্লিষ্ট প্রশাসনকে অবহিত করা হয়েছে। হাতপাখা মার্কার প্রার্থী রাসেল সরদার মেহেদী বলেন, কোনধরনের বাঁধা কিংবা হুমকি দিয়ে আমাদের নির্বাচনের মাঠ থেকে সরিয়ে দেওয়া যাবেনা। এ কাজ যারা করতে যাবেন, জনসাধারণের ভালবাসায় আগামী ১২ ফেব্রুয়ারি ভোটের মাধ্যমে তাদের সঠিক জবাব দেওয়া হবে। তিনি আরও বলেন, এইসব সন্ত্রাসীদের বিরুদ্ধে এখনই কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা না হলে নির্বাচনের দিন যতোই ঘনিয়ে আসছে ততোই নির্বাচনের লেভেল প্লেয়িং ফিল্ড নষ্ট হচ্ছে। এজন্য তিনি প্রশাসনসহ সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্মকর্তাদের কঠোর হস্তক্ষেপ কামনা করেছেন।

চালককে হত্যা করে অটোরিকশা

সদস্যরা আসামিকে গ্রেপ্তারের লক্ষ্যে গোয়েন্দা তৎপরতা শুরু করে। পরে এ ঘটনার মূল হোতা নাগরকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার আসামিকে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য লালমোহন থানায় হস্তান্তর করা হয়েছে। এর আগে এ ঘটনায় পুলিশ মো. ইব্রাহীম (৩৬), মো. রাজা (৩২) ও কাজী তারেক (৩৫) গ্রেপ্তার হন। তারা বর্তমানে জেল হাজতে রয়েছে। ভোলা র‍্যাব ক্যাম্পের কমান্ডার লেফটেন্যান্ট রিফাত জানান, ভোর রাতের দিকে গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাবের একটি দল ভোলার লালমোহন উপজেলায় অভিযান চালায়। এ সময় লালমোহনের চাঞ্চল্যকর অটোচালক আবু বকর সিদ্দিক হত্যা মামলার পলাতক আসামি ও ঘটনার অন্যতম মূল হোতা নাগরকে গ্রেপ্তার করা হয়েছে।

চিরতরে প্রতিহিংসার রাজনীতিকে

ভরসারস্থল। তিনি আরও বলেছেন, ধানের শীষে ভোট দিয়ে আপনারা তারেক রহমানকে প্রধানমন্ত্রী ও আমাকে এমপি বানালে দেশে শৃঙ্খলা ফিরে আসবে। আমরা দেশে আর প্রতিহিংসার রাজনীতি দেখতে চাই না। দেশ থেকে প্রতিহিংসার রাজনীতিকে চিরতরে বিদায় করে দিতে হবে। বিএনপির মনোনীত ধানের শীষ মার্কার প্রার্থী বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা এম জহির উদ্দিন স্বপন রবিবার দিনভর গৌরনদী উপজেলার বাটাজোর ও মাহিলাড়া ইউনিয়নের বিভিন্ন এলাকায় জনসংযোগকালে অনুষ্ঠিত পথসভায় আরও বলেছেন, সংখ্যালঘু ভাই ও বোনেরা এতোদিন নৌকা মার্কায় ভোট দিতেন। কারণ তারা বিশ্বাস করতেন নৌকা মার্কা তাদের নিরাপত্তা দিবে। তিনি আরও বলেন, শেখ হাসিনার ভুল রাজনীতিতে তাকে দেশ ছেড়ে পালিয়ে যেতে হয়েছে। একইসাথে নৌকা মার্কাটিও সে সাথে করে নিয়ে পালিয়েছে। তার ভুল রাজনীতি নৌকা মার্কার নিরীহ সাধারণ ভোটারদেরকে ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছে। সংখ্যালঘু সম্প্রদায়কে ভরসা দিয়ে তিনি বলেন, আপনারা যারা নিরীহ সাধারণ সংখ্যালঘু আপনাদের এ অঞ্চলের অভিভাবকের দায়িত্ব আমি নিলাম। আমি কথা দিচ্ছি আপনাদেরকে যদি কেউ অন্যায়ভাবে অত্যাচার, নির্যাতনের চেষ্টা চালায় আমি তাদেরকে প্রতিহত করবো। ছাত্র ও যুবদলের নাম ব্যবহার করে কেউ যদি আপনাদেরকে কোন প্রকার সমস্যা করার চেষ্টা করে আপনারা আমাকে জানাবেন। কোন সামাজিক অপরাধীকে বিএনপি ঠাঁই দেবেনা। পথসভা ও জনসংযোগস্থলগুলোতে নানা সম্প্রদায়ের নারী-পুরুষের ঢল নেমেছিলো। তারা ধানের শীষ, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের প্রতি সম্মান জানিয়ে তাদেরকে নিয়ে নানা প্রকার শ্লোগান দেন। একইসময় হিন্দু সম্প্রদায়ের নারীরা উচ্চকণ্ঠে উলুধ্বনি দিয়ে এম জহির উদ্দিন স্বপনের প্রতি তাদের সমর্থন জানান। রবিবার সকাল ১০টায় ধানের শীষের প্রার্থী জহির উদ্দিন স্বপন গৌরনদী উপজেলার বাটাজোর ইউনিয়নের যশুরকাঠী এলাকায় পথসভায় যোগদানের মধ্যদিয়ে জনসংযোগ শুরু করেন। এরপর বেলা সাড়ে ১১টায় তিনি ওই ইউনিয়নের লক্ষণকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে পথসভায় বক্তব্য রাখেন। দুপুর সাড়ে বারোটায় তিনি বাটাজোর কবিরাড়ির সামনে জড়ো হওয়া সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের নারী-পুরুষের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। দুপুর একটায় দক্ষিণ-পশ্চিম পাড়া প্রাথমিক বিদ্যালয়ের সামনের পথসভায় উপস্থিত হাজার হাজার নারী-পুরুষ ও সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়সহ অন্যান্য সম্প্রদায়ের কয়েক হাজার জনতার উদ্দেশ্যে বক্তব্য রাখেন। দুপুর দুইটায় তিনি ও ইউনিয়নের শৌলকর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে উপস্থিত নানা সম্প্রদায়ের কয়েক হাজার নারী-পুরুষের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। এ সময় তার সাথে বরিশাল উত্তর জেলা বিএনপির আহবায়ক দেওয়ান মোহাম্মদ শহীদুল্লাহ, গৌরনদী উপজেলা বিএনপির আহবায়ক বীর মুক্তিযোদ্ধা সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, গৌরনদী পৌর বিএনপির সাবেক সভাপতি এসএম মনিরুজ্জামান, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির, সাবেক সভাপতি খোন্দকার মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক এসএম জুলফিকার, সহ-সভাপতি এম আলম সহ বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

কোটি টাকায় মেরামতকৃত পিএস মাহসুদ

বরিশালে এসে ৬ ডিসেম্বর ফেরত যাবার পরে আর বরিশাল মুখি হয়নি। গত ১২ ডিসেম্বর কয়েকজন বিদেশী কুটনীতিককে নিয়ে নৌপরিবহন উপদেষ্টা ও পররাষ্ট্র উপদেষ্টা 'পিএস মাহসুদ'এ ঢাকা-চাঁদপুর-ঢাকা নৌপথে ভ্রমনের পরে তা ইজারাদারের কাছে হস্তান্তর করা হয়েছে। 'গ্রীন টুর এন্ড ট্রাভেলস' মাসে ১ লাখ ৪১ হাজার টাকার বিনিময়ে পিএস মাহসুদ ইজারা গ্রহন করার পরে আর বরিশালমুখি হয়নি। এমনকি ইজারা প্রদানের আগে নৌযানটি 'সপ্তাহে অন্তত ১দিন বরিশাল-ঢাকা নৌপথে চলাচল করবে' বলে সংস্থাটির পক্ষ থেকে বলা হলেও সে কথা রাখেনি ইজারাদার সহ নৌ বানিজ্য প্রতিষ্ঠানটিও। গত দু মাসে একবারও বরিশালবাসী পিএস মাহসুদ'র হুইসাল শোনেনি। তবে এখন সংস্থার দায়িত্বশীল সূত্র বলছে 'ইজারাদার তার বানিজ্যিক সুবিধার বিবেচনায়ই নৌযানটি পরিচালনা করছে। ফলে বিআইডব্লিউটিসি নৌযানটি সপ্তাহে অন্তত ১দিন ঢাকা ও বরিশাল থেকে, যথাক্রমে শুক্র ও শনিবার পরিচালনার যে সিদ্ধান্ত গ্রহন করেছিল, তা তা আর কার্যকর রইল না। ইজারাদার নৌযানটিতে কর্মরত সংস্থার ৬ কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতা বাবদ ২ লাখ টাকা এবং ইজারামূল্য বাবদ ১ লাখ ৪১ হাজার টাকা পরিশোধ করছে বলে জানা গেছে। ৬ মাসের ভাড়া আগাম পরিশোধের বিনিময়ে দু বছরের জন্য নৌযানটি ইজারা চুক্তি করেছে বিআইডব্লিউটিসি। এব্যপারে বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব মোঃ সলিম উল্লাহ ইতোপূর্বে জানিয়েছিলেন, 'আমরা পর্যটন বিকাশের স্বার্থেই পিএস মাহসুদকে একটি দক্ষ ট্যুর অপারেটরকে দায়িত্ব দিচ্ছি। তবে 'কোন বিশ্ব ঐতিহ্য ইজারা দেয়া যায় কিনা', এমন প্রশ্নের জবাবে এড়িয়ে তিনি বলেন, 'আমরা নৌযানটির সঠিক ব্যবহার ও দেশের পর্যটন বিকাশের লক্ষ্যেই এ সিদ্ধান্ত নিয়েছি'। উল্লেখ্য, নৌ পরিবহন উপদেষ্টা সাখাওয়াত হোসেন গত ১২ নভেম্বর প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনুসর সাথে সাক্ষাত করে পিএস মাহসুদ পুনরায় চালুর বিষয়টি অবহিত করলে তিনি এ বিষয়ে যথেষ্ট উচ্ছাস প্রকাশ করে 'কোন ঐতিহ্যকে হারিয়ে যেতে দেয়া হবে না' বলে মন্তব্য করেছিলেন। এসময় প্রধান উপদেষ্টা বলেন, 'বাংলাদেশের বৈচিত্রপূর্ণ নৌকার ডিজাইন পুরো পৃথিবীতে বিখ্যাত। অথচ এসম্পর্কে বর্তমান প্রজন্মের অনেকেই জানে না'। এসময় প্রধান উপদেষ্টা 'আমাদের এই ঐতিহ্যকে হারিয়ে যেতে দেয়া যাবে না' বলে মন্তব্য করে 'প্যাডেল স্টিমার সহ যত পুরনো নৌযান আছে সবকটিই সংরক্ষনের ব্যবস্থা নিতে হবে' বলেও জানিয়েছিলেন। এসময় নৌ পরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার সাখাওয়াত বলেন, 'পিএস মাহসুদ কেবল একটি নৌযান নয়, এটি বাংলাদেশের নদীজ সংস্কৃতি ও ঐতিহ্যের জীবন্ত প্রতিক, আমরা চাই নতুন প্রজন্ম কাছে থেকে জানুক, দেখুক। এক সময় নদীপথই ছিল যোগাযোগ ও সংস্কৃতির প্রাণ'। তিনি 'পিএস মাহসুদ'র পাশাপাশি পিএস অস্ট্রিচ ও পিএস লেপচা সহ অন্য পুরনো স্টিমারগুলোও সংস্কারের পরিকল্পনা নেয়া হয়েছে' বলে প্রধান উপদেষ্টাকে অবহিত করেছিলেন। কিন্তু ইতোমধ্যে পিএস মাহসুদ ইজারাদারের কাছে হস্তান্তরের পরে পিএস অস্ট্রিচ'র ইজারাও চুড়ান্ত হয়ে গেছে। চলতি সপ্তাহেই ব্যাংক গ্যারান্টি পরিষোধ সাপেক্ষে নৌযানটি ৫ বছরের জন্য ইজারাদারের কাছে চুড়ান্ত হস্তান্তর প্রক্রিয়া শুরু হবে বলে সংস্থার একটি দায়িত্বশীল সূত্র জানিয়েছে। ইতোপূর্বে ২০১৮ সালে 'পিএস অস্ট্রিচ' বেআইনীভাবে বিনা দরপত্রে ইজারা দেয়া হয় বিগত সরকারের নৌ পরিবহন মন্ত্রীর নির্দেশে। ইজারাদার নৌযানটির উপরিকাঠামোর প্রায় পুরোটাই ভেঙে তছনছ করে দেয়ার পাশাপাশি নির্ধারিত ভাড়াও পরিশোধ করেনি। দীর্ঘদিন ইজারাদারের হাতে 'আটক' থাকার পরে ম্যাজিস্ট্রেট ও পুলিশ নিয়ে পিএস অস্ট্রিচ উদ্ধার করা হলেও বকেয়া আদায়ে আদালতে মামলা চলছে। অপরদিকে সংস্থার হাতে থাকা 'পিএস লেপচা' ও পিএস টার্ণ' নামের অপর দুটি নৌযানও মেরামত ও রক্ষণাবেক্ষনহীন অবস্থায় অযত্ন অবহেলায় পড়ে আছে। সংস্থাটির দায়িত্বশীল মহলের কেউ এসব নৌযানের মেরামত ও পূনর্বাশনের বিষয়ে কিছু বলতে পারছেন না। ফলে প্রধান উপদেষ্টার সামনে নৌ পরিবহন উপদেষ্টার 'পিএস অস্ট্রিচ সহ সবগুলো প্যাডেল নৌযানই ঐতিহ্য হিসেব সংরক্ষন করা হবে' বলে যে ঘোষনা দিয়েছিলেন, তা কতটুকু কার্যকর হবে, সে বিষয়টি নিয়ে ইতোমধ্যে সন্দেহ দানা বাঁধতে শুরু করেছে ওয়াকিবহাল মহলে। এমনকি গত অক্টোবরে নৌ পরিবহন উপদেষ্টা বরিশালে গনমাধ্যম কর্মীদের কাছে 'নভেম্বর থেকে বরিশাল-ঢাকা নৌপথে পিএস মাহসুদ যাত্রী পরিবহন করবে' বলে জানিয়েছিলেন। উল্লেখ্য, ইংল্যান্ডের ফরোয়ার্ড ইয়ার্ডে নির্মিত পিএস মাহসুদ সহ বিআইডব্লিউটিসি'র হাতে থাকা ৪টি প্যাডেল জাহাজই বিযুক্ত অবস্থায় এনে ১৯৩৮ থেকে '৪৮ সালে কোলকাতার গার্ডেনরীচ শিপবিল্ডার্সে সংযোজন করা হয়েছিল। ১৯৪৭ সালে দেশভাগের সময় অন্য আরো অন্তত ২৫টি প্যাডেল জাহাজের সাথে তৎকালীন পূর্ব পাকিস্তানের হিস্যায় পরে 'পিএস গাজী, পিএস মাহসুদ,পিএস অস্ট্রিচ, পিএস লেপচা ও পিএস টার্ণ' নামের নৌযানগুলো। এসব নৌযান ১৯৪৮ সালে গঠিত 'পাকিস্তান রিভার স্টিমার্স-পিআরএস'র তত্বাবধানে ঢাকা-বরিশাল নৌপথে মেইল সার্ভিস এবং নারায়গঞ্জ-বরিশাল-খুলনা নৌপথে রকেট সার্ভিসেও দীর্ঘদিন চলাচল করে। ১৯৭৮ থেকে '৮২ সালে বেলজীয় সরকারের আর্থিক ও কারিগড়ি সহায়তায় পিএস মাহসুদ, পিএস অষ্ট্রাচ ও পিএএস লেপচা' কয়লা চালিত ইঞ্জিনের পরিবর্তে মেরিন ডিজেল ইঞ্জিন সংযোজন সহ পরিপূর্ণ পূণর্বাশন করা হয়। কিন্তু ত্রুটিপূর্ণ হাইড্রোলিক গীয়ারের কারণে মাত্র ৩ হাজার ঘন্টা চলাচলের পরেই পূণর্বাশনকৃত ৩টি নৌযানই বন্ধ হয়ে যায়। পরবর্তিতে ১৯৯৪-৯৫ অর্থবছরে সবগুলো নৌযানেই হাইড্রোলিক গীয়ারের পরিবর্তে মেকানিক্যাল গীয়ার সংযোজন সহ আরেক দফা পূনর্বাশন শেষে চালু করা হয়। সে থেকে টানা ২৫ বছর মাহসুদ সহ এসব নৌযান ঢাকা-বরিশাল-খুলনা ও ঢাকা-বরিশাল-মোড়েলগঞ্জ নৌপথে যাত্রী পরিবহন করলেও দীর্ঘ অবহেলা ও উদাশীনতায় ২০২০ সালে সবগুলো প্যাডেল জাহাজের মত 'পিএস মাহসুদ'কেও বসিয়ে রাখা হয়।

সেনা অভিযানে মাদক

ইয়াবা, গাঁজা, গাঁজা মাপার পাল্লা ও পাথর, ইনজেকশন সিরিঞ্জ এবং মাদক সেবনের বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়। আটককৃতরা হলেন সাপলেজা গ্রামের মৃত শাজাহান মিয়ার ছেলে আলম (৪৮) এবং তার স্ত্রী সুফিয়া বেগম (৩৫)। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, অভিযুক্তরা দীর্ঘদিন ধরে মাদক ব্যবসার সঙ্গে জড়িত ছিলেন। পরবর্তীতে গ্রেপ্তারকৃত স্বামী-স্ত্রীকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মঠবাড়িয়া থানায় হস্তান্তর করা হয়। এ ঘটনায় সংশ্লিষ্ট থানায় মামলা প্রক্রিয়াধীন। মঠবাড়িয়া থানার ওসি সুজন বিশ্বাস জানান, আটককৃতদের বিরুদ্ধে মঠবাড়িয়া থানায় মাদকদ্রব্য আইনে একটি মামলা হয়েছে। রোববার (১ ফেব্রুয়ারি) দুপুরে তাদের আদালতে সোপর্দ করা হয়েছে। তিনি আরও জানান, গ্রেপ্তারকৃত আলমের বিরুদ্ধে মঠবাড়িয়া থানায় আরও পাঁচটি মাদক মামলা রয়েছে।

জামায়াত আমীরের আগমন

আবদুল জব্বার এর সমর্থনে হিজলা উপজেলায় ব্যাপক গণসংযোগ ও পথ সভা অনুষ্ঠিত হয়েছে। জামায়াতে ইসলামী হিজলা উপজেলা আমীর অধ্যাপক নুরুল আমিন, উপজেলা সেক্রেটারী সৈয়দ গুলজার আলম, বড়জালিয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জামায়াত নেতা শাহে আলম চৌধুরী সামু, শ্রমিক কল্যাণ ফেডারেশনের হিজলা উপজেলা সভাপতি মোঃ খলিলুর রহমান এর নেতৃত্বে উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে পৃথক পৃথক গণসংযোগ ও পথ সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও উপজেলার সকল ইউনিয়নে দাঁড়িপাল্লার প্রার্থীর পক্ষে গণসংযোগ করেন স্থানীয় নেতৃবৃন্দ।

ধানের শীষ জিতলে মুলাদীতে

সঞ্চালনায় অনুষ্ঠিত জনসভায় বক্তব্য রাখেন, মুলাদী উপজেলা বিএনপির সাবেক সভাপতি, সাবেক উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আঃ ছত্তার খান, উপজেলা বিএনপির আহবায়ক অধ্যাপক শরীয়তউল্লাহ, সদস্য সচিব কাজী কামাল হোসেন, পৌরসভা বিএনপির আহবায়ক এনামুল হক ইনু, পৌরসভা বিএনপির সাবেক সভাপতি আঃ রব খান, উপজেলা বিএনপির যুগ্ন-আহবায়ক জাহাঙ্গীর হোসেন কবিরাজ, মশিউর রহমান মাসুদ, সায়লা সারমিন মিমু, উপজেলা কৃষকদল আহবায়ক সালাম কবির, সদস্য সচিব কাজী মিজানুর রহমান, উপজেলা যুবদলের আহবায়ক মিজানুর রহমান, পৌরসভা যুবদলের আহবায়ক রফিকুল ইসলাম ঢালী, সদর ইউনিয়ন বিএনপি নেতা দুলাল মাহমুদ মোল্লা, পারভেজ বেপারী, জাহাঙ্গীর হোসেন মোল্লা, উপজেলা স্বেচ্ছাসেবকদল নেতা মীর্জা নোমান, ইউনিয়ন যুবদল নেতা তাপস বেপারী, উপজেলা ছাত্রদল আহবায়ক মহিউদ্দিন ঢালী, সদস্য সচিব জুলফিকার আহম্মেদ বেল্লাল, পৌরসভা ছাত্রদল সদস্য সচিব কবির হোসেন মোল্লা, মুলাদী সরকারী কলেজ ছাত্রদল সভাপতি রিফাত মল্লিক, সাধারন সম্পাদক কাওসার হোসেন সহ মুলাদী সদর ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

উজিরপুরে বাসচাপায় প্রাণ

একটি বাস দ্রুতগতিতে এসে রিপন বিশ্বাসকে ধাক্কা দেয়। তিনি ঘটনাস্থলেই মারা যান। দুর্ঘটনার পর বাসচালক গাড়িটি সড়কের পাশে রেখে দ্রুত পালিয়ে যান। স্থানীয় লোকজন মরদেহ উদ্ধার করে পুলিশে খবর দেয়। গৌরনদী হাইওয়ে থানা-পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দুর্ঘটনায় জড়িত বাসটি জব্দ করে। গৌরনদী হাইওয়ে থানার ওসি মোহাম্মদ শামিম শেখ জানান, চালককে শনাক্ত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে। মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। উজিরপুর মডেল থানার ওসি মোহাম্মদ রকিবুল ইসলাম বলেন, দুর্ঘটনার কারণে মহাসড়কে যাতে যানজট সৃষ্টি না হয়, সে জন্য দ্রুত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং যান চলাচল স্বাভাবিক রাখা হয়েছে। স্থানীয় বাসিন্দারা জানান, এই এলাকায় প্রায়ই দ্রুতগতির বাস ও ভারী যান চলাচলের কারণে দুর্ঘটনা ঘটে। তারা টোল প্লাজার আশপাশে স্পিড ব্রেকার, ফুটওভার ব্রিজ কিংবা নিরাপদ পারাপারের ব্যবস্থা করার দাবি জানিয়েছেন।

পাকিস্তানে নিরাপত্তা বাহিনীর

বলে জানিয়েছেন বেলুচিস্তানের মুখ্যমন্ত্রী সরফরাজ বুগতি। রোববার কোয়েটায় এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। মুখ্যমন্ত্রী বলেন, গত শুক্রবার ও শনিবার পরিচালিত অভিযানে এবং চলমান তল্লাশি ও ক্লিয়ারেন্স অপারেশনে এই জঙ্গিরা নিহত হয়েছেন। এর আগে পাকিস্তানের সেনাবাহিনী জানিয়েছিল, এক দিনেই ৯২ জন জঙ্গি নিহত হয়েছে। সরফরাজ বুগতি দাবি করেন, স্বল্প সময়ে এত বিপুলসংখ্যক জঙ্গি নিহত হওয়ার ঘটনা সাম্প্রতিক বছরগুলোতে বিরল। তবে তিনি অতীতের কোনো পরিসংখ্যান উল্লেখ করেননি। হামলায় ১৭ জন আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য এবং ৩১ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলেও জানান তিনি। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, বেলুচিস্তান পাকিস্তানের সবচেয়ে বড় হলেও সবচেয়ে দরিদ্র প্রদেশ। ইরান ও আফগানিস্তান সীমান্তঘেঁষা খনিজসম্পদসমৃদ্ধ এই অঞ্চলে দীর্ঘদিন ধরেই জাতিগত বেলুচ বিচ্ছিন্নতাবাদীদের নেতৃত্বে বিদ্রোহ চলছে। এসব গোষ্ঠী স্বায়ত্তশাসন ও প্রাকৃতিক সম্পদের ন্যায্য হিস্যা দাবি করে আসছে। এদিকে এই হামলার দায় স্বীকার করেছে নিষিদ্ধঘোষিত বিচ্ছিন্নতাবাদী সংগঠন বেলুচ লিবারেশন আর্মি (বিএলএ)। সংগঠনটি জানিয়েছে, গত শুক্রবার গভীর রাত থেকে 'হেরফ' বা 'ব্ল্যাক স্টর্ম' নামের এই অভিযানে তারা কোয়েটা, গোয়াদর, মাস্তুং, নুশকিসহ প্রদেশের অন্তত ১২টি স্থানে একযোগে হামলা চালায়। তাদের মূল লক্ষ্য ছিল সামরিক ঘাঁটি, গুরুত্বপূর্ণ স্থাপনা এবং মহাসড়কগুলোতে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা। পাকিস্তানের সেনাবাহিনী এক বিবৃতিতে দাবি করে, এসব হামলা 'ভারত-সমর্থিত জঙ্গিরা' চালিয়েছেন। তবে রোববার ভারত এই অভিযোগ সরাসরি প্রত্যাখ্যান করে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল এক বিবৃতিতে বলেন, 'পাকিস্তানের এ ধরনের ভিত্তিহীন অভিযোগ আমরা স্পষ্টভাবে নাকচ করছি।' তিনি আরও বলেন, ইসলামাবাদের উচিত নিজেদের অভ্যন্তরীণ সমস্যার দিকে নজর দেওয়া এবং ওই অঞ্চলের জনগণের দীর্ঘদিনের দাবিগুলো সমাধান করা। নিরাপত্তা সূত্রগুলো জানায়, হামলার পর একাধিক জেলায় একযোগে সহিংসতা ছড়িয়ে পড়ে। পরিস্থিতি সামাল দিতে সেনাবাহিনী, পুলিশ ও সন্ত্রাসবিরোধী ইউনিট যৌথ অভিযান চালায়। কয়েকটি জেলার হাসপাতালে জরুরি অবস্থা ঘোষণা করা হয়। পাকিস্তান ইনস্টিটিউট ফর পিস স্টাডিজের (পিআইপিএস) বিশ্লেষক আবদুল বাসিত বলেন, বেলুচিস্তানে একসঙ্গে এতগুলো এলাকায় হামলা প্রমাণ করে যে বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীগুলো এখনো শক্তিশালী সংগঠনকাঠামো ধরে রেখেছে। শুধু সামরিক অভিযানে নয়, রাজনৈতিক ও অর্থনৈতিক সমাধান ছাড়া এই সংকট দীর্ঘ মেয়াদে মোকাবিলা করা কঠিন। পাকিস্তানের সেনাবাহিনী জানিয়েছে, কোনো শহর বা গুরুত্বপূর্ণ স্থাপনা দখলের জঙ্গি প্রচেষ্টা সফল হতে দেওয়া হয়নি। তবে দেশটির অন্যান্য অংশেও ইসলামপন্থী জঙ্গিদের হামলার ঝুঁকি রয়ে গেছে, বিশেষ করে পাকিস্তানি তালেবান-সংশ্লিষ্ট গোষ্ঠীগুলোর তৎপরতা নিয়ে উদ্বেগ অব্যাহত রয়েছে।

মুক্তবাণিজ্য চুক্তি: ভারত করেছে, বাংলাদেশকেও

ইইউ। রোববার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎকালে এ পরামর্শ দেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় চেম্বার অব কমার্সের (ইউরোচ্যাম) চেয়ারপারসন নুরিয়া লোপেজ। প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সাক্ষাৎকালে ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের দূত মাইকেল মিলারও উপস্থিত ছিলেন। বৈঠকে বাংলাদেশে ইউরোপীয় বিনিয়োগ বাড়ানো, দ্বিপক্ষীয় বাণিজ্য সম্পর্ক সহজতর করা এবং ব্যবসায়িক পরিবেশ উন্নয়নে প্রয়োজনীয় সংস্কার নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে প্রধান উপদেষ্টা উল্লেখ করেন, অন্তর্বর্তী সরকার সম্প্রতি জাপানের সঙ্গে একটি অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি (ইপিএ) সম্পন্ন করেছে। এর মাধ্যমে বিশ্বের চতুর্থ বৃহত্তম অর্থনীতির দেশে বাংলাদেশের ৭ হাজার ৩০০টির বেশি পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার নিশ্চিত হয়েছে। তিনি বলেন, 'জাপানের সঙ্গে এই চুক্তি আমাদের রপ্তানি খাতের জন্য নতুন আশার সঞ্চার করেছে। একই ধারাবাহিকতায় আমরা ইউরোপীয় ইউনিয়নসহ অন্যান্য দেশের সঙ্গেও এফটিএ স্বাক্ষরের প্রত্যাশা করছি।' ইউরোচ্যাম চেয়ারপারসন নুরিয়া লোপেজ বলেন, এলডিসি উত্তরণের পর বাংলাদেশ যদি ইইউর সঙ্গে কোনো চুক্তি না করে, তবে বিদ্যমান শুল্কমুক্ত সুবিধাগুলো হারাবে। তিনি উল্লেখ করেন, ভারত ইতিমধ্যে ইইউর সঙ্গে একটি বড় বাণিজ্য চুক্তি চূড়ান্ত করেছে এবং ভিয়েতনামও একই ধরনের সুবিধা পাচ্ছে। ফলে মধ্যম আয়ের দেশ হিসেবে ইউরোপের বাজারে টিকে থাকতে হলে বাংলাদেশকে দ্রুত আলোচনার টেবিলে বসতে হবে। প্রধান উপদেষ্টা ইউরোপীয় কোম্পানিগুলোকে বাংলাদেশে কারখানা স্থানান্তরের আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশে বর্তমানে দক্ষ ও সাশ্রয়ী শ্রমিকের বিশাল বাজার রয়েছে। সরকার বাংলাদেশকে বিশ্ববাণিজ্যের একটি ম্যানুফ্যাকচারিং হাবে পরিণত করতে কাজ করছে। ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার ২০২৬ সালে একটি 'ইইউ-বাংলাদেশ বিজনেস ফোরাম' আয়োজনের আগ্রহ প্রকাশ করেন। বৈঠকে আসন্ন সাধারণ নির্বাচন ও গণভোটে ইউরোপীয় ইউনিয়নের পক্ষ থেকে বড় আকারের পর্যবেক্ষক দল পাঠানোর সিদ্ধান্তকে স্বাগত জানান প্রধান উপদেষ্টা। তিনি বলেন, 'ইউরোপীয় নির্বাচন পর্যবেক্ষকদের উপস্থিতি আমাদের গণতন্ত্রকে পুনরুজ্জীবিত করার ক্ষেত্রে বড় ধরনের আস্থার প্রতিফলন।' প্রসঙ্গত, ২০২৯ সালের পর ইউরোপের বাজারে বাংলাদেশের শুল্কমুক্ত সুবিধার মেয়াদ শেষ হয়ে যাবে। বৈঠকে সরকারের এসডিজি সমন্বয়ক ও জ্যেষ্ঠ সচিব লামিয়া মোরশেদও উপস্থিত ছিলেন।

গ্যাস সংকটে নগরীর

পরিবহনে ব্যাপক প্রভাব পড়ছে। সরবরাহ কমে যাওয়ায় যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে এবং এতে গণপরিবহনের ভাড়া বেড়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। পণ্য পরিবহনে ব্যয় বাড়ায় বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দামও বাড়ার শংকা রয়েছে মানুষের। শীতকালে এমনেতেই গ্যাসের চাপ কম থাকে তার ওপর সিএনজি ফিলিং স্টেশনগুলো চাহিদা অনুপাতে গ্যাস পাচ্ছে না পাওয়ায় অনেক স্টেশন পর্যায়ক্রমে নির্দিষ্ট সময় বন্ধ থাকছে। সিএনজি চালক, থ্রি-হুইলার চালক এবং সাধারণ গাড়ি চালকরা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থেকে অনেক সময় গ্যাস শূন্য চলে যেতে হচ্ছে । অধিক মূল্যেও মিলছে না জালানি । যেখানে পাওয়া যায় তাও আবার দুপুর থেকে গভীর রাত পর্যন্ত দীর্ঘ লাইনে দাড়িয়ে থাকতে হচ্ছে । নগরীর সাগরদির ডোস্ট ফিলিং স্টেশনে গত ৩১ জানুয়ারি রাত ১১টা ৩০ মিনিটে দেখা মিলছে এ দৃশ্যের। পর্যাপ্ত মজুত নিশ্চিত করা না গেলে পরিস্থিতি আরও জটিল হতে পারে বলে ধারণা করছেন ভুক্তভোগীরা। তারা পরিস্থিতি স্বাভাবিক করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান যাতে সাধারণ মানুষ স্বস্তি ফিরে পায় এবং পরিবহন ও অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক থাকে।

শহীদ সাংবাদিক বাবার ওপর

এলাকায় এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল শহরের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে। সমাবেশে উপস্থিত ছিলেন, জুলাই ঐক্য পটুয়াখালীর আহ্বায়ক আব্দুল্লাহ আন নাহিয়ান, জেলা যুব বিভাগের সভাপতি রফিকুল ইসলাম বশার, জেলা ছাত্র শক্তির সভাপতি মিরাজ ইমতিয়াজ, জেলা ওলামা ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মো. শহিদুল ইসলাম ও এবি পার্টির সদস্য সচিব ইঞ্জিনিয়ার মো. কামাল হোসেন। মিছিল শেষে তারা প্রথমে পুলিশ সুপারের কার্যালয় এবং পরে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে স্মারকলিপি পেশ করেন। সমাবেশে বক্তারা অভিযোগ করেন, পটুয়াখালী-২ আসনের ধুলিয়া এলাকায় জামায়াতে ইসলামীর নির্বাচনী প্রচারণায় স্থানীয় যুবদল নেতা জামাল ও রাফার নেতৃত্বে একদল সন্ত্রাসী বাধা দেয়। এর প্রতিবাদ করায় শহীদ সাংবাদিক মেহেদী হাসানের বাবা মোশারেফ হোসেন হাওলাদারের ওপর বর্বরোচিত হামলা চালানো হয়। বর্তমানে তিনি গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। নেতৃবৃন্দ ক্ষোভ প্রকাশ করে বলেন, এ ঘটনায় বাউফল থানায় মামলা করা হলেও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এখন পর্যন্ত মূল আসামিদের গ্রেপ্তার করেনি। উল্টো আসামিদের সাথে আঁতাতের অভিযোগ উঠেছে। বিক্ষোভকারীরা আগামী ২৪ ঘণ্টার মধ্যে দোষীদের গ্রেপ্তারের আলটিমেটাম দিয়ে বলেন, অন্যথায় কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

ভিসা পেতে অনেক উপদেষ্টা আগেভাগেই কূটনৈতিক পাসপোর্ট সারেন্ডার করেছেন

কীর্তনখোলা ডেস্ক

ভবিষ্যতে বিদেশ সফরের প্রয়োজন বিবেচনায় সময়মতো ভিসা পেতে অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টাদের অনেকে আগেভাগেই কূটনৈতিক পাসপোর্ট সারেন্ডার করেছেন বলে জানিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। তবে তিনি জানান, তিনি কিংবা তার স্ত্রী কেউই এখনো কূটনৈতিক পাসপোর্ট সারেন্ডার করেননি। রোববার (১ ফেব্রুয়ারি) রাজধানীর একটি হোটেলে ম্যানেজমেন্ট অ্যান্ড রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই) ও ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিক্যাব) আয়োজিত এক প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে একজন সাংবাদিক পররাষ্ট্র উপদেষ্টার কাছে জানতে চান শোনা যাচ্ছে, পররাষ্ট্র উপদেষ্টা নিজে এবং তার আরও দুজন সহকর্মী কূটনৈতিক পাসপোর্ট সারেন্ডার করেছেন। একই সময়ে আরও কয়েকজন উপদেষ্টা বিদেশ সফরে যাচ্ছেন। জবাবে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, এখানেই মিসইনফরমেশন চলে আসে। আমি বা আমার স্ত্রী কেউই কূটনৈতিক পাসপোর্ট সারেন্ডার করিনি। আমার পাসপোর্ট এখনো আমার কাছেই আছে এবং যথারীতি বহাল রয়েছে। দায়িত্বকালীন সময়ে একজন পররাষ্ট্র উপদেষ্টার কূটনৈতিক পাসপোর্ট সারেন্ডার করা খুবই অস্বাভাবিক ঘটনা হতো। আমি সেটা করিনি। তিনি বলেন, তবে উপদেষ্টাদের মধ্যে অনেকে কূটনৈতিক পাসপোর্ট সারেন্ডার করেছেন এটা ঠিক। কারণ, ভবিষ্যতে তাদের বিদেশ যাওয়ার প্রয়োজন হতে পারে। সে কারণে সময়মতো ভিসা পাওয়ার সুবিধার জন্য আগেভাগেই তারা পাসপোর্ট সারেন্ডার করেছেন। ওই সাংবাদিক তখন জানতে চান তাহলে কি ভিসা নেওয়া সহজ করার উদ্দেশেই তারা (উপদেষ্টারা) পাসপোর্ট সারেন্ডার করেছেন? জবাবে তৌহিদ হোসেন বলেন, বিষয়টি ভিসা সহজ করার নয়, বরং সময় গেইন করার জন্য। উদাহরণ দিয়ে তিনি বলেন, পাসপোর্ট বাতিল হলেও যুক্তরাষ্ট্রের বি-১ ও বি-২ ভিসা বাতিল হয় না। কিন্তু বিদেশ যেতে হলে নতুন পাসপোর্টে ভিসা ট্রান্সফার করতে সময় লাগে। সে কারণেই উপদেষ্টাদের অনেকে আগেভাগে পাসপোর্ট সারেন্ডার করেছেন। 'তবে এটি সঠিক নয় যে, আমি নিজে বা আমার পরিবার কূটনৈতিক পাসপোর্ট সারেন্ডার করেছি' যোগ করেন পররাষ্ট্র উপদেষ্টা।

ভারতের বাজেটে বাংলাদেশের জন্য বরাদ্দ কমে অর্ধেক

কীর্তনখোলা ডেস্ক

ভারতের ২০২৬-২৭ অর্থবছরের কেন্দ্রীয় বাজেটে বাংলাদেশের জন্য বরাদ্দ উল্লেখযোগ্যভাবে কমানো হয়েছে। নতুন বাজেটে বাংলাদেশকে দেওয়া হয়েছে ৬০ কোটি রুপি, যা আগের অর্থবছরের ১২০ কোটি রুপির তুলনায় অর্ধেক। ভারতের কূটনৈতিক সূত্রগুলোর দাবি, সংখ্যালঘু নির্যাতন ইস্যুতে টানাপোড়েন এবং ২০২৪ সালে শেখ হাসিনা সরকারের পতনের পর ঢাকার পররাষ্ট্রনীতিতে পাকিস্তানমুখী ঝোঁকের প্রেক্ষাপটেই এই বরাদ্দ কমানো হয়েছে। গত বৃহস্পতিবার (২৯ জানুয়ারি) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় রাজ্যসভাকে জানায়, বাংলাদেশে সংখ্যালঘুদের, বিশেষ করে হিন্দু সম্প্রদায়ের বিরুদ্ধে সহিংসতার অভিযোগ সরকার 'নিরবচ্ছিন্নভাবে পর্যবেক্ষণ' করছে। ভারতীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং বলেন, রাজনৈতিক ও কূটনৈতিক উভয় পর্যায়েই একাধিকবার বাংলাদেশি কর্তৃপক্ষের কাছে সংখ্যালঘুদের নিরাপত্তার বিষয়টি জোরালোভাবে তুলে ধরেছে ভারত। ২০২৫ সালের ৪ এপ্রিল বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও বিষয়টি উত্থাপন করেন। অন্যদিকে, বর্তমান প্রশাসনের আমলে বাংলাদেশ-পাকিস্তান সম্পর্ক নতুন গতি পাচ্ছে। ২০২৪ সালে মিশরে এক সম্মেলনের ফাঁকে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে সাক্ষাৎ করেন ড. মুহাম্মদ ইউনূস। তখন তিনি ১৯৭১ সাল সংশ্লিষ্ট অমীমাংসিত বিষয়গুলোর সমাধানের আগ্রহ প্রকাশ করেন। শাহবাজ শরীফ বৈঠকটিকে 'উষ্ণ ও সৌহার্দ্যপূর্ণ' বলে উল্লেখ করেন। এরপর দুই দেশ কূটনৈতিক ও সরকারি পাসপোর্টধারীদের জন্য ভিসামুক্ত প্রবেশে সম্মত হয়। পাশাপাশি যৌথ অর্থনৈতিক কমিশন (জেইসি) পুনরুজ্জীবন এবং নতুন বাণিজ্য ও বিনিয়োগ কমিশন গঠনের সিদ্ধান্ত নেয় ঢাকা ও ইসলামাবাদ। বাংলাদেশ-পাকিস্তান যৌথ অর্থনৈতিক কমিশনের সর্বশেষ বৈঠক হয়েছিল ২০০৫ সালে। সম্প্রতি দুই দেশের মধ্যে সরাসরি কার্গো জাহাজ চলাচল শুরু হয়েছে। পাকিস্তানের ফ্লাই জিন্নাহ ও এয়ার সিয়ালকে ঢাকার সঙ্গে সরাসরি ফ্লাইট চালুর অনুমতিও দেওয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার ১৪ বছর পর ঢাকা থেকে একটি ফ্লাইট করাচির জিন্নাহ আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এই প্রেক্ষাপটে ভারত-বাংলাদেশ সম্পর্কের অবনতি আরও স্পষ্ট হয়ে উঠছে বলে মনে করছেন ভারতীয় বিশ্লেষকরা। এবারের বাজেটে ইরানের চাবাহার বন্দরের জন্য কোনো বরাদ্দ রাখেনি ভারত। যুক্তরাষ্ট্রের নতুন অর্থনৈতিক নিষেধাজ্ঞার প্রতিক্রিয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে ধারণা করা হচ্ছে। গত বছরের সেপ্টেম্বরে ইরানের ওপর কঠোর নিষেধাজ্ঞা আরোপ করলেও চাবাহার প্রকল্পে ভারতের জন্য ছয় মাসের ছাড় দিয়েছিল ওয়াশিংটন, যার মেয়াদ শেষ হচ্ছে ২৬ এপ্রিল। ভারতের বৈদেশিক সহায়তার সবচেয়ে বড় অংশ পাচ্ছে ভুটান। দেশটির জন্য বরাদ্দ রাখা হয়েছে ২ হাজার ২৮৯ কোটি রুপি, যা আগের অর্থবছরের ২ হাজার ১৫০ কোটি রুপির চেয়ে বেশি। রোববার (১ ফেব্রুয়ারি) ভারতের পার্লামেন্টে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট উপস্থাপন করেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ। এটি তার উপস্থাপিত নবম বাজেট।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ০২ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৯ মাঘ ১৪৩২

মুক্তবাণিজ্য চুক্তি: ভারত করেছে, বাংলাদেশকেও জরুরি ভিত্তিতে করার পরামর্শ ইইউর

কীর্তনখোলা ডেস্ক

স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে উত্তরণের পর ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) বাজারে বাংলাদেশের শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা যাতে বজায় থাকে, সে জন্য দ্রুততম সময়ের মধ্যে মুক্তবাণিজ্য চুক্তি (এফটিএ) করার পরামর্শ দিয়েছে ৩ এর পাতায় দেখুন

পাকিস্তানে নিরাপত্তা বাহিনীর অভিযানে নিহত ১৪৫

কীর্তনখোলা ডেস্ক

পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় বেলুচিস্তান প্রদেশে গত শুক্রবার গভীর রাতে একযোগে ১২টি স্থানে হামলা চালায় বিচ্ছিন্নতাবাদী সন্ত্রাসীরা। এই হামলার পর থেকে গত ৪০ ঘণ্টায় নিরাপত্তা বাহিনীর অভিযানে ১৪৫ জন জঙ্গি নিহত হয়েছেন ৩ এর পাতায় দেখুন

কোটি টাকায় মেরামতকৃত পিএস মাহসুদ গত দুমাসেও বরিশাল আসেনি

কীর্তনখোলা রিপোর্ট

রাষ্ট্রীয় নৌ বানিজ্য প্রতিষ্ঠান-বিআইডব্লিউটিসি প্রায় কোটি টাকা ব্যায়ে মেরামত শেষে ঐতিহ্যবাহী 'পিএস মাহসুদ' জাহাজটি বরিশাল-ঢাকা নৌপথে 'পর্যটক সার্ভিস' হিসেব চালুর পরে আর দেখা নেই। প্রায় ৫ বছর বানিজ্যিক পরিচালন থেকে বাইরে রেখে কোটি টাকা ব্যায়ে মেরামত ও সংরক্ষন কাজ সমাপ্ত করে পিএস মাহসুদ গত ২৮ নভেম্বর 'পর্যটক সার্ভিস' হিসেবে ঢাকা থেকে বরিশালে এবং ২৯ নভম্বর ঢাকায় ফেরত যায়। এর আগে ১৫ নভেম্বর মেরামতকৃত নৌযানটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন নৌ পরিবহন উপদেষ্টা। এমনকি মেরামতকৃত নৌযানটির পরিক্ষামূলক পরিচালনেও উপদেষ্টা ঢাকা-চাঁদপুর-ঢাকা নৌপথে ভ্রমন করেছিলেন। কিন্তু ৫ ডিসেম্বর নৌযানটির দ্বিতীয় বানিজ্যিক পরিচালনে ৩ এর পাতায় দেখুন

নলছিটির নবগ্রাম ইউনিয়নে উঠান বৈঠকে বক্তব্য রাখেন ঝালকাঠি-২ আসনের জামায়াত ইসলামীর প্রার্থী শেখ নেয়ামুল করিম -কীর্তনখোলা

শহীদ সাংবাদিক বাবার ওপর হামলার প্রতিবাদে বিক্ষোভ

পটুয়াখালী প্রতিনিধি

জুলাই আন্দোলনে পটুয়াখালীর প্রথম শহীদ সাংবাদিক মেহেদী হাসানের বাবা মোশারেফ হোসেন হাওলাদারের ওপর হামলার প্রতিবাদে উত্তাল হয়ে উঠেছে পটুয়াখালী। দোষীদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে জেলা শহরে বিক্ষোভ সমাবেশ, মিছিল এবং জেলা প্রশাসক (ডিসি) ও পুলিশ সুপার (এসপি) বরাবর স্মারকলিপি দেওয়া হয়েছে। রোববার দুপুরে 'জুলাই ঐক্য পটুয়াখালী' এর আয়োজনে পৌর শহরের ঝাউতলা ৩ এর পাতায় দেখুন

গ্যাস সংকটে নগরীর ফিলিং স্টেশন

সাইফুল্লাহ সাইফ

সাম্প্রতিক সময়ে বরিশালের বিভিন্ন ফিলিং স্টেশনগুলোতে জ্বালানি সংকট দেখা দিয়েছে। সংকটের কারণে পরিবহন খাত বিশেষ করে গ্যাস চালিত ৩ এর পাতায় দেখুন

ধানের শীষ জিতলে মুলাদীতে সন্ত্রাস ও মাদকের স্থান হবে না: জয়নুল আবেদিন

মুলাদী প্রতিনিধি

এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মুলাদী-বাবুগঞ্জ আসনে ধানের শীষের বিজয়ের লক্ষে উপজেলার সদর ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠনের উদ্দ্যোগে নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়। গতকাল রবিবার বিকাল ৩টায় মুলাদী সদর ইউনিয়নের বোর্ড মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে, মুলাদী-বাবুগঞ্জ আসনের ধানের শীষের মনোনীত প্রার্থী আলহাজ্ব এ্যাড. জয়নুল আবেদিন বলেন, ধানের শীষের বিজয় হলে মুলাদীতে একটি ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মান করা হবে, তিনি আরও বলেন, মুলাদীতে কোন সন্ত্রাস কিংবা মাদক ব্যবসায়ীকে স্থান দেয়া হবে না। মুলাদী উপজেলা বিএনপির যুগ্ন-আহবায়ক কাজী ইকবালের সভাপতিত্বে ও অধ্যাপক মনিরুজ্জামান মনিরের ৩ এর পাতায় দেখুন

সেনা অভিযানে মাদক ও অস্ত্রসহ স্বামী-স্ত্রী আটক

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার সাপলেজা ইউনিয়নে সেনাবাহিনীর অভিযানে মাদক ও অস্ত্রসহ স্বামী-স্ত্রীকে আটক করা হয়েছে। শনিবার (৩১ জানুয়ারি) রাতে মঠবাড়িয়া সেনাক্যাম্পের দায়িত্বে থাকা লেফটেন্যান্ট ইবতেসাম মঞ্জুরের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়। সেনা কর্মকর্তারা জানান, গোপন সংবাদের ভিত্তিতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অভিযুক্তদের বসতবাড়িতে তল্লাশি চালায়। এ সময় তাদের কাছ থেকে ৩ এর পাতায় দেখুন

জামায়াত আমীরের আগমন উপলক্ষ্যে হিজলায় স্বাগত মিছিল

মোঃ আবদুল কাদের, হিজলা

বাংলাদেশ জামায়াতে ইসলামী আমীর ডা. শফিকুর রহমান বরিশালের মেহেন্দিগঞ্জে আগমন উপলক্ষে হিজলা উপজেলার বড়জালিয়া ইউনিয়নে স্বাগত মিছিল ও পথ সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার (১ ফেব্রুয়ারি) বিকালে ইউনিয়নের শ্রীপুর গ্রামে ইউনিয়ন জামায়াতের আমীর মাওলানা হাবিবুল্লাহ নেতৃত্বে মিছিল ও পথ সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনী প্রচারণায় বরিশাল-৪ (মেহেন্দিগঞ্জ-হিজলা-কাজিরহাট) আসনে ১১ দলীয় ঐক্যজোট (ঐক্যবদ্ধ বাংলাদেশ) সমর্থিত ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী অধ্যাপক মাওলানা মোহাম্মদ ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠি-২ আসনের স্বতন্ত্র প্রার্থী জুলাই হত্যা মামলার আসামি

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি-২ (সদর-নলছিটি) আসনের স্বতন্ত্র প্রার্থী জেলা আওয়ামী লীগের সহসভাপতি রাজ্জাক সেলিম ঢাকা যাত্রাবাড়ী থানায় জুলাই-আগস্টের হত্যা মামলার আসামি। ওই আসনে তিনি মোটোরসাইকেল প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর আগে ২০০৯ থেকে ২০১৩ সাল পর্যন্ত সদর উপজেলার চেয়ারম্যান ছিলেন তিনি। এ মামলায় সাবেক প্রধান মন্ত্রী শেখ হাসিনা, স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরসহ মোট ৩৮৫ জন নামধারী আসামি রয়েছে। এর মধ্যে রাজ্জাক সেলিম ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে হাতপাখা প্রার্থীর প্রচারনায় ধানের শীষ সমর্থকদের বাধা

গৌরনদী প্রতিনিধি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-১ (গৌরনদী ও আগৈলঝাড়া) আসনে ইসলামী আন্দোলন বাংলাদেশ মনোনীত হাতপাখা মার্কার প্রার্থীর প্রচারনায় বাঁধা দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। হাতপাখা মার্কার প্রার্থী রাসেল সরদার মেহেদীর নিজস্ব ফেসবুক আইডি থেকে বাঁধা দেওয়ার সময় একটি ফেসবুক লাইভ করা হয়েছে। ওই লাইভে দেখা গেছে, গৌরনদী উপজেলার খাঞ্জাপুর এলাকায় হাতপাখা মার্কার প্রার্থী তার কর্মী সমর্থকদের নিয়ে শনিবার (৩১ জানুয়ারি) সন্ধ্যার পরে নির্বাচনী প্রচারনা চালাচ্ছিলো। এসময় কয়েকজন যুবক আকস্মিকভাবে হাতপাখা মার্কার প্রার্থী ও তাদের ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় প্রিজাইডিং ও সহকারী প্রিজাইডিং কর্মকর্তাদের কর্মশালা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল রবিবার উপজেলা প্রশাসর এবং উপজেলা নির্বাচন কার্যালয়ের যৌথ উদ্যোগে উপজেলা অডিটরিয়ামে ত্রয়োদশ জাতীয় সংসদ ও গণভোট-২০২৬ উপলক্ষ্যে প্রিজাইডং ও সহকারী প্রিজাইডিং কর্মকর্তাদের দিন ব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। সহকারী রিটার্নিং কর্মকর্তা,উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও রেহেনা আক্তারের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন,রিটার্নিং কর্মকর্তা,পিরোজপুর জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট আবু সাঈদ। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে বাসচাপায় প্রাণ হারালেন ব্যাংক কর্মকর্তা

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল মহাসড়কের উজিরপুর উপজেলার ইচলাদী টোল প্লাজার সামনে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালেন গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা রিপন বিশ্বাস (৪৩)। রোববার সকালে বরিশাল থেকে ঢাকাগামী একটি যাত্রীবাহী বাস তাঁকে চাপা দিলে তিনি ঘটনাস্থলেই মারা যান। নিহত রিপন বিশ্বাস আগৈলঝাড়া উপজেলার রামান্দী গ্রামের বাসিন্দা এবং মুদেব বিশ্বাসের ছেলে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, সকালে রাস্তা পারাপারের সময় সাকুরা পরিবহনের ৩ এর পাতায় দেখুন

চিরতরে প্রতিহিংসার রাজনীতিকে বিদায় দিতে হবে: স্বপন

গৌরনদী প্রতিনিধি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-১ আসনের বিএনপি মনোনীত ধানের শীষ মার্কার প্রার্থী সাবেক সংসদ সদস্য এম জহির উদ্দিন স্বপন বলেছেন, দেশ নায়ক তারেক রহমান ছাড়া এই মুহূর্তে দেশে আমাদের আর কোন নির্ভরযোগ্য অভিভাবক নেই। তারেক রহমানই দেশের মানুষের এখন একমাত্র ৩ এর পাতায় দেখুন

চালককে হত্যা করে অটোরিকশা ছিনতাই, মূল হোতা গ্রেফতার

লালমোহন প্রতিনিধি

ভোলা জেলার লালমোহন উপজেলায় চালককে হত্যা করে ব্যাটারিচালিত অটোরিকশা ছিনতাইয়ের মূল হোতা মো. নাগরকে (৩৮) গ্রেপ্তার করেছে র‌্যাব। গ্রেপ্তার নাগর উপজেলার বদরপুর ইউনয়নের ৪ নম্বর ওয়ার্ডের চরটিটিয়া গ্রামের আবু দেওয়ানের ছেলে। গতকাল রবিবার (০১ ফেব্রুয়ারী) র‌্যাব-৮-এর ভোলা ক্যাম্পের সদস্যরা লালমোহনে অভিযান চালিয়েং তাকে গ্রেপ্তার করেন। বিষয়টি নিশ্চিত করে ভোলা র‌্যাব ক্যাম্পের কমান্ডার লেফটেন্যান্ট রিফাত এ তথ্য নিশ্চিত করেন। জানা গেছে, গত ৩০ ডিসেম্বর নাগরসহ অন্য আসামিরা অটোরিকশাচালক আবু বকর ছিদ্দিককে ছুড়ি দিয়ে কুপিয়ে হত্যা করে। এ ঘটনায় ভুক্তভোগীর ছেলে সুলতান আলম বাদী হয়ে অজ্ঞাতপরিচয় আসামিদের বিরুদ্ধে লালমোহন থানায় একটি হত্যা মামলা করেন। ঘটনার পর থেকেই র‌্যাব ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রহমানির রহীম
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান দাখিল (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত
EIIN: 137732 Code:20830
নুরানি, নাযেরা ও হিফয বিভাগসহ প্লে থেকে আলিম শ্রেণি পর্যন্ত বালক-বালিকা শাখায়
ভর্তি চলছে ২০২৬ শিক্ষাবর্ষে
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
ভর্তি পরীক্ষা: ২৭ ডিসেম্বর, শনিবার সকাল ১০ টায়
২০২৫ শিক্ষা বর্ষের দাখিল পরীক্ষার ফলাফল

শ্রেণি	মোট পরীক্ষার্থী	কৃতকার্য	A+ সংখ্যা	মেধা বৃত্তি	মন্তব্য
দাখিল	৩৭ জন	৩৭ জন	২৩ জন	০২ জন	১০০%

যোগাযোগ-
০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪
www.lrdm.edu.bd
E-mail: lutfurrahmanmodelmadrasah2003@gmail.com

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

নিরাপদ ভ্রমন আমাদের অঙ্গীকার
পালকি এক্সপ্রেস
Palki Express
ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী- কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত
পরিচালনায়ঃ মোঃ বেল্লাল মল্লিক
সার্বিক তত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক
ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com